সংশোধিত শিক্ষাগত প্রভাব বিবরণী: স্কুল ভবন কে২১৮-তে জে.এইচ.এস. ২১৮ জেমস পি. সিনট (১৯কে২১৮) এবং দ্য স্কুল ফর ক্লাসিকস: অ্যান অ্যাকাডেমি অব থিংকার্স, রাইটার্স, অ্যান্ড পারফরমার্স (১৯কে৬৮৩)-এর সঙ্গে নতুন পাবলিক চার্টার স্কুল, ইনভিক্টাস প্রেপারেটরি চার্টার স্কুলের প্রস্তাবিত সাময়িক সহাবস্থান

I. প্রস্তাবের সারসংক্ষেপ

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই") জানুয়ারি ৩১, ২০১১ তারিখে একটি Educational Impact Statement বা শিক্ষাগত প্রভাব বিবরণী ("ইআইএস") জারির মাধ্যমে পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত সর্বাধিক ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে এরূপ একটি নতুন পাবলিক চার্টার স্কুল, ইনভিক্টাস প্রেপারেটরি চার্টার স্কুল (৮৪কে৩৮৬, "ইনভিক্টাস প্রেপ")-কে কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট ১৯-এর অভ্যন্তরে 370 Fountain Avenue, Brooklyn, NY, 11208 ঠিকানায় অবস্থিত ভবন কে২১৮ ("কে২১৮")-তে অধিষ্ঠিত করার প্রস্তাব করে।[1] কে২১৮-তে ইনভিক্টাস প্রেপ সহাবস্থান করবে ষষ্ঠ হতে অষ্টম গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদানকারী একটি বিদ্যমান ডিওই জোনভুক্ত মিডল স্কুল, জে.এইচ.এস. ২১৮ জেমস পি. সিনট (১৯এ২১৮, "জে.এইচ.এস. ২১৮") এবং বর্তমানে নবম হতে একাদশ গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদানকারী, এবং দ্বাদশ গ্রেডে পর্যায়ক্রমে আরোহণকারী একটি বিদ্যমান ডিওই হাই স্কুল, দ্য স্কুল ফর ক্লাসিকস: অ্যান অ্যাকাডেমি অব থিংকার্স, রাইটার্স, অ্যান্ড পারফরমার্স (১৯কে৬৮৩, "দ্য স্কুল ফর ক্লাসিকস")-এর সঙ্গে। কে২১৮-তে আরো রয়েছে একটি কমিউনিটি ভিত্তিক সংগঠন (সিবিও), বীকন (Beacon), যা শিক্ষার্থীদেরকে স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি প্রদান করে। জে.এইচ.এস ২১৮ ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করে থাকে। এতে একটি জোনভুক্ত কর্মসূচি এবং একটি বাছাই আবেদন কর্মসূচি রয়েছে যা ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থী ও বাসিন্দাদের জন্য উন্মুক্ত। দ্য স্কুল ফর ক্লাসিকস শিক্ষার্থী ভর্তি করে থাকে সিটিব্যাপী হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে, এবং ২০১১-২০১২ বর্ষে এটি তার পর্যায়ক্রমিক অধিষ্ঠান প্রক্রিয়া সম্পন্ন করবে। এই প্রস্তাবের আওতায়, কে২১৮ ভবনে ইনভিক্টাস প্রেপ হবে একটি নতুন চার্টার স্কুল যা ২০১৪-২০১৫ স্কুল-বর্ষের সমাপ্তি পর্যন্ত সাময়িকভাবে পঞ্চম হতে অষ্টম গ্রেডে পরিষেবা প্রদান করবে।[2] কে২১৮-তে এবং ডিস্ট্রিক্ট ১৯-এর অন্যান্য অবস্থানে বিদ্যমান ফাঁকা জায়গা ডিওই মূল্যায়ন করবে এবং ২০১৫-২০১৬ স্কুল-বর্ষ ও তার পরবর্তী সময়ের জন্য প্রাপ্য সবচেয়ে উপযোগী স্থানের ওপর ভিত্তি করে ইনভিক্টাস-এর দীর্ঘমেয়াদী অবস্থানের লক্ষ্যে একটি নতুন শিক্ষাগত প্রভাব বিবরণী বা ইআইএস জারি করবে। "সহ-অবস্থান" বা সহাবস্থান ("co-location") বলতে বুঝায় দুই বা ততোধিক স্কুল প্রতিষ্ঠান একই ভবনে অবস্থিত এবং তারা অডিটোরিয়াম, জিমনেশিয়াম, এবং ক্যাফেটেরিয়ার মত যৌথ ব্যবহার্য স্থানসমূহ ভাগাভাগি করে ব্যবহার করতে পারে।

কে২১৮ ভবনে ইনভিক্টাস প্রেপ-কে লালনের প্রস্তাবটিতে একটি মুদ্রনজনিত প্রমাদ শুদ্ধ করার জন্য মার্চ ১৫, ২০১১ তারিখে ডিওই সংশোধনী আনে, যেখানে পূর্বে উল্লেখ করা হয়েছিল যে কে২১৮ ভবনে ইনভিক্টাস প্রেপ পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত মোট ৬০২ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। স্কুলটির চার্টার অনুযায়ী, এবং বর্তমান ইআইএস-এ সর্বত্র যেরূপ উল্লেখ রয়েছে, ইনভিক্টাস পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত মোট ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। প্যানেল ফর এডুকেশন পলিসি ("পিইপি") এই সংশোধিত প্রস্তাবটি মার্চ ২৩, ২০১১ তারিখে অনুমোদন করে।

এই সংশোধিত ইআইএস-এ রয়েছে ইনভিক্টাস প্রেপ-এর ডিস্ট্রিক্ট বারা নম্বর (District Borough Number) এবং এটির মাধ্যমে কে২১৮ ভবনে যৌথ ব্যবহার্য স্থানসমূহ সম্পর্কে ব্যাখ্যা প্রদান করা হয়েছে। এতদসঙ্গে সংযুক্ত Building Utilization Plan বা ভবন সদ্ব্যবহার পরিকল্পনা ("বিইউপি")-টিও নিম্নোক্ত প্রকারে সংশোধন করা হয়েছে: প্রস্তাবিত যৌথ ব্যবহার্য স্থানের তালিকা সমন্বয় করা হয়েছে এবং ডিওই এই প্রস্তাবের আওতায় যৌথ স্থান ব্যবহারের ক্ষেত্রে প্রত্যেক সহাবস্থানকারী স্কুলের অনুকূলে বরাদ্দকৃত সময়ের পরিমাণের যুক্তি ব্যাখ্যা করেছে।

ইনভিক্টাস প্রেপ স্কুলটি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট ১৯-এর অভ্যন্তরে ব্রুকলিন-এ একটি নতুন পাবলিক স্কুল খোলার জন্য এর চার্টার অনুমোদনকারী কর্তৃপক্ষ স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক'স চার্টার স্কুল ইন্সটিটিউট ("এসইউএনআই চার্টার স্কুল ইন্সটিটিউট") কর্তৃক অনুমোদন লাভ করেছে। এসইউএনআই চার্টার স্কুল ইন্সটিটিউট ইনভিক্টাস প্রেপ'কে ২০১১-২০১২ স্কুল-বর্ষে পঞ্চম গ্রেড ক্লাসসমূহ খোলার এবং পরবর্তী প্রত্যেক বছর একটি করে নতুন গ্রেড যুক্ত করার অনুমতি প্রদান করেছে, যে পর্যন্ত না এটি পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত সর্বমোট ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করে। ইনভিক্টাস প্রেপ স্কুলটি এর চার্টার স্কুল লটারি আবেদন প্রক্রিয়ায়[3] ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থীদের অগ্রগণ্যতা প্রদান করবে।

---

[1] http://invictusprep.org/

[2] ইনভিক্টাস প্রেপ পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদানে এর চার্টার অনুমোদনকারী কর্তৃক অনুমোদনপ্রাপ্ত এবং ডিওই পূর্বানুমান করছে যে ইনভিক্টাস প্রেপ পঞ্চম হতে দ্বাদশ পর্যন্ত গ্রেড সম্প্রসারণের জন্য আবেদন করবে। ডিওই স্বীকার করে যে ইনভিক্টাস কর্তৃক হাই স্কুল গ্রেডসমূহ পরিচালনার পর্যাপ্ত স্থান কে২১৮-তে নেই। ইনভিক্টাস প্রেপ-এর অনুমিত পরিবৃদ্ধির প্রেক্ষিতে ডিওই সকল দীর্ঘ মেয়াদী বিকল্প বিবেচনা করছে।

[3] চার্টার স্কুল লটারি সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে ডিওই'র এনওয়াইসি চার্টার স্কুল নির্দেশিকা দেখুন, যা ডিওই'র ওয়েবসাইটে পাওয়া যাবে: http://schools.nyc.gov/community/planning/charters/For+Parents. যে ডিস্ট্রিক্ট-এ চার্টার স্কুলটি অবস্থিত সেখানে বসবাসকারী আবেদনকারীরা ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন।

প্রস্তাবিত সহাবস্থানের প্রথম বছর ২০১১-২০১২ বর্ষে ইনভিক্টাস প্রেপ পঞ্চম গ্রেডে আনুমানিক ৯০ জন শিক্ষার্থী ভর্তি করবে। ২০১২-২০১৩ বর্ষে ইনভিক্টাস প্রেপ সম্প্রসারিত হয়ে ষষ্ঠ গ্রেডে আনুমানিক ৯০ জন শিক্ষার্থীকে ভর্তি করবে। ২০১৩-২০১৪ বর্ষে ইনভিক্টাস প্রেপ সপ্তম গ্রেডে আনুমানিক ৯০ জন শিক্ষার্থীকে ভর্তি করতে সম্প্রসারিত হবে। ২০১৪-২০১৫ বর্ষে ইনভিক্টাস প্রেপ এটির পূর্ণাঙ্গ কার্যক্রমের প্রস্তুতি সম্পন্ন করবে এবং পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত আনুমানিক ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে।

কে২১৮ একটি স্বল্প-সদ্ব্যবহারসম্পন্ন ভবন হিসেবে চিহ্নিত হয়েছে, যার অর্থ হলো এতে বর্তমানে কমপক্ষে ৩০০টি শূন্য আসন বিদ্যমান রয়েছে।[4] ২০০৯-২০১০ বর্ষে ভবনটি ৮০২ জন শিক্ষার্থীকে[5] পরিষেবা প্রদান করেছে এবং এটির ধারণক্ষমতা ছিল ১,৪০৫ জন শিক্ষার্থী, যার ফলে অভীষ্ট ভবন সদ্ব্যবহারের হার দাঁড়ায় ৫৭%[6]-এ। ২০১০-২০১১ বর্ষে জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর দ্য ক্লাসিকস সম্মিলিতভাবে সর্বমোট ৮৩৭ জন শিক্ষার্থী[7] ভর্তি করে, যার ফলে অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়ায় ৬০%[8] -এ। ২০১৪-২০১৫ বর্ষে যখন ইনভিক্টাস প্রেপ এটির ক্রমিক আরোহণ সম্পন্ন করবে, তখন কে২১৮ আনুমানিক ১,৩২৬-১,৪০৬ জন শিক্ষার্থীকে[9] পরিষেবা প্রদান করবে, যার ফলে অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়াবে ১০০%-এ।

ভবিষ্যতে যদি জে.এইচ.এস ২১৮-তে বর্তমান অনুমিতির চেয়ে অধিক চাহিদার কারণে অথবা জোনভুক্ত অঞ্চলে বসবাসরত পরিবারের সংখ্যা বৃদ্ধি পাওয়ার ফলে শিক্ষার্থী ভর্তিসংখ্যা বৃদ্ধি পায়, সেক্ষেত্রে ভৌগলিকভাবে কে২১৮-এর নিকটবর্তী অন্য কোন অবস্থানে ইনভিক্টাস প্রেপ'কে স্থানান্তরিত করার ক্ষমতা চ্যান্সেলর সংরক্ষণ করেন। চ্যান্সেলর এই মর্মে লিখিতভাবে প্রত্যায়ন করবেন যে তার মতে স্কুল ব্যবস্থার চাহিদার কারণে ডিওই'র ব্যবহারের জন্য চার্টারের স্কুলের জায়গা পুনঃঅধিগ্রহণ প্রয়োজন।

II. ভবনের প্রস্তাবিত বা সম্ভাব্য ব্যবহার

কে২১৮ ভবনটির, অর্থাৎ যে ভবনে জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর ক্লাসিকস অবস্থিত, ১,৪০৫ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদানের ধারণ ক্ষমতা রয়েছে। ২০০৯-২০১০ বর্ষে ভবনটি মাত্র ৮০২ জন শিক্ষার্থীকে পরিষেবা দিয়েছে, যার ফলে অভীষ্ট সদ্ব্যবহার হার হয়েছে কেবল ৫৭%। ২০১০-২০১১ স্কুল-বর্ষে জে.এইচ.এস ২১৮-এর ভর্তিসংখ্যা ছিল ৫৯৯ জন শিক্ষার্থী, এবং ২০১০-২০১১ স্কুল বর্ষের জন্য স্কুল ফর ক্লাসিকস-এর ভর্তিসংখ্যা ছিল ২৩৮ জন শিক্ষার্থী, যার ফলে অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়ায় ৬০%-এ। ২০১৪-২০১৫ বর্ষে ইনভিক্টাস প্রেপ এটির ক্রমিক আরোহণ সম্পন্ন করবে এবং পঞ্চম হতে অষ্টম শ্রেণি পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করবে। তখন সকল স্কুল মিলে কে২১৮ আনুমানিক ১,৩২৬-১,৪০৬ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে, যার ফলে অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়াবে ১০০%-এ।

আগামী চার বছরে ভবনটির স্কুলগুলোর প্রস্তাবিত গ্রেড পরিব্যাপ্তি হবে নিম্নরূপ:

স্কুল বর্ষ	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫
জে.এইচ.এস ২১৮	৬-৮	৬-৮	৬-৮	৬-৮	৬-৮
দ্য স্কুল ফর ক্লাসিকস	৯-১১	৯-১২	৯-১২	৯-১২	৯-১২
ইনভেক্টাস প্রেপ	প্রযোজ্য নয়	৫	৫-৬	৫-৭	৫-৮

জে.এইচ.এস ২১৮ ষষ্ঠ হতে অষ্টম গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদান অব্যাহত রাখবে।

২০১১-১২ বর্ষে স্কুল ফর ক্লাসিকস কে২১৮ ভবনে এর ক্রমিক আরোহণ সম্পন্ন করবে, যখন এটি তার পূর্ণ মাত্রা অর্জন করবে এবং নবম হতে দ্বাদশ গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদান করবে।

ইনভিক্টাস প্রেপ ২০১১-২০১২ বর্ষে কে২১৮ ভবনে চালু হবে এবং আনুমানিক ৯০ জন শিক্ষার্থীর ভর্তিসংখ্যা নিয়ে পঞ্চম গ্রেডে পরিষেবা প্রদান করবে।

---

4 প্রাথমিক ২০১০ আন্ডার-ইউটিলাইজড স্পেস মেমোরেন্ডাম অ্যান্ড লিস্ট ডিওই ওয়েবসাইটে প্রকাশিত হয় অক্টোবর ৮, ২০১০ তারিখে। এটি পাওয়া যাবে এই ঠিকানায় http://schools.nyc.gov/community/planning.

5 ২০০৯ নিরীক্ষিত রেজিস্টার

6 এখানে উল্লেখ করা সদ্ব্যবহারের হার ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাজেশন রিপোর্ট ("ব্লু বুক")-এ প্রকাশিত সদ্ব্যবহারের হার হতে ভিন্ন হতে পারে, কেননা ব্লু বুকে "দীর্ঘমেয়াদী অনুপস্থিতি" হিসেবে শ্রেণিভুক্ত শিক্ষার্থীদেরকে অন্তর্ভুক্ত করা হয়েছে, যারা অক্টোবর ৩১, ২০০৯ পর্যন্ত তথ্য অনুযায়ী ৩০ বা তার চেয়ে বেশি দিন যাবত স্কুলে অনুপস্থিত রয়েছে। এখানে উল্লেখ করা ভবনের ধারণ ক্ষমতার তথ্য ব্লু বুকের সঙ্গে সঙ্গতিপূর্ণ। তবে এই ইআইএস-এ উল্লেখ করা এবং সদ্ব্যবহারের হার নির্ণয়ের হিসাবে ব্যবহৃত ভবনের এনরোলমেন্ট সম্পর্কিত সংখ্যাগুলো সম্ভাব্য নিয়মিত স্কুলে যোগ দেওয়া শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করে, এবং দীর্ঘমেয়াদী অনুপস্থিতি অন্তর্ভুক্ত করে না। ডিওই সকল স্কুলের জন্য স্থান ও তহবিল বরাদ্দ করতে যে পদ্ধতিতে হিসাব ও পরিকল্পনা করে এটি তার সঙ্গে সঙ্গতিপূর্ণ। সহাবস্থানকারী স্কুলসমূহের জন্য স্থান বরাদ্দ নির্ণয়ের ক্ষেত্রে অফিস অব স্পেস প্ল্যানিং বিশদ ভবন পরিদর্শন ও স্থান বিশ্লেষণের মাধ্যমে ভবনে বিদ্যমান জায়গার পরিমাণ নিরূপণ করে।

7 ২০১০ নিরীক্ষিত রেজিস্টার 2010 audited register

8 ২০১০-২০১১ স্কুল-বর্ষের জন্য অভীষ্ট ধারণ ক্ষমতা ও সদ্ব্যবহারের সরকারী হার এখনো পাওয়া যায়নি। এই নথিতে উল্লেখ করা সকল ভবন ব্যবহারের হার ২০০৯-২০১০ এনরোলমেন্ট ক্যাপাসিটি ইউটিলাইজেশন রিপোর্ট বা ব্লু বুক-এর উপাত্তসমূহের ওপর ভিত্তি করে প্রদত্ত। যেমনটি উপরে বলা হয়েছে, এখানে উল্লেখ করা সদ্ব্যবহারের হার কেবল সম্ভাব্য নিয়মিত স্কুলে যোগ দেওয়া শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করে, এবং দীর্ঘমেয়াদী অনুপস্থিতি (এলটিএ) অন্তর্ভুক্ত করে না।

9 প্রাক্কলনের মধ্যে রয়েছে জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ-এর অনুমিত ভর্তিসংখ্যা।

ইনভিক্টাস প্রেপ ২০১৪-২০১৫ বর্ষে কে২১৮ ভবনে এর প্রস্তাবিত পর্যায়ক্রমিক অধিষ্ঠান সম্পন্ন করবে এবং তখন এটি পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত আনুমানিক ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা দেবে।

পূর্বেই উল্লেখ করা হয়েছে, কে২১৮-তে রয়েছে একটি কমিউনিটি ভিত্তিক সংগঠন (সিবিও), বীকন (Beacon), যা শিক্ষার্থীদেরকে স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি প্রদান করে। প্রস্তাবটির ফলে এই সিবিও'টি প্রভাবিত হবে না।

অনলাইনে http://source.nycsca.org/pdf/capitalplan/2009-10/BB_2009_2010.pdf ঠিকানায় প্রাপ্য ভর্তিসংখ্যা, ধারণক্ষমতা, সদ্ব্যবহার প্রতিবেদন-এ যেমনটি বর্ণিত রয়েছে, কোন ভবনের অভীষ্ট সদ্ব্যবহারের হার নির্ণয় করা হয় ঐ ভবনের অভ্যন্তরে অবস্থিত সকল স্কুল প্রতিষ্ঠানের মোট ভর্তিসংখ্যাকে সম্মিলিত "অভীষ্ট ধারণক্ষমতা" দ্বারা ভাগ করার মাধ্যমে। প্রত্যেক স্কুল প্রতিষ্ঠানের "অভীষ্ট ধারণক্ষমতা" নির্ণয় করা হয় বার্ষিক ফ্যাসিলিটি জরিপ চলাকালে প্রিন্সিপ্যালগণ কর্তৃক উল্লেখকৃত প্রতিটি পৃথক রুমের তালিকাভুক্ত ব্যবহার, শ্রেণিকক্ষের সর্বোচ্চ ধারণক্ষমতার ক্ষেত্রে ডিওই'র নির্ধারিত মান (যেগুলো ইউএফটি চুক্তিবদ্ধ ক্লাসের আকারের চেয়ে কম এবং গ্রেড স্তর অনুযায়ী কম-বেশি হয়ে থাকে), এবং যে দক্ষতার সাথে শ্রেণিকক্ষমূহের পরিকল্পনা করা হয় তার উপর ভিত্তি করে (অর্থা কোন নির্দিষ্ট শ্রেণিকক্ষে বিভিন্ন ক্লাস অনুষ্ঠিত হওয়ার যে সংখ্যা)।.

সর্বসাম্প্রতিক যে বর্ষের জন্য ভবনসমূহের অভীষ্ট ধারণ ক্ষমতা নির্ণয় করা হয়েছে তা হল ২০০৯-২০১০। এই ইআইএস-এ পূর্বে যেমনটি বলা হয়েছে, ২০১০-২০১১ স্কুল-বর্ষ এবং তার পরবর্তী সময়ের জন্য ডিওই'র প্রাক্কলিত সদ্ব্যবহারের হার নির্ণয় করা হয়েছে ২০০৯-২০১০ অভীষ্ট ধারণক্ষমতার ওপর ভিত্তি করে, যেখানে ধরে নেওয়া হয়েছে যে ঐ অভীষ্ট ধারণক্ষমতার উপাদানসমূহ (শ্রেণিকক্ষের সময়সূচিভুক্ত ব্যবহার, শ্রেণিকক্ষের সর্বোচ্চ ধারণক্ষমতা ইত্যাদি) অপরিবর্তিত থাকবে। কাজেই ২০১০-২০১১ স্কুল-বর্ষ এবং তার পরবর্তী সময়ের প্রাক্কলিত সদ্ব্যবহারের হারটি ভবন ব্যবহারের একটি অনুমিত হার মাত্র, কেননা শিক্ষার্থীদের চাহিদা আরো ভালোভাবে মেটাতে অভীষ্ট ধারণ ক্ষমতার অন্তর্নিহিত উপাদানগুলো বছর বছর প্রিন্সিপ্যালগণ কর্তৃক সমন্বয় করা হতে পারে। উদাহরণস্বরূপ, হাই স্কুল পর্যায়ে একটি রুমের ব্যবহার পরিবর্তন করে প্রশাসনিক রুমকে হোমরুম করা হলে কোন ভবনের অভীষ্ট ধারণ ক্ষমতা বাড়বে, কেননা হাই স্কুলের ক্ষেত্রে প্রশাসনিক রুমের জন্য কোন ধারণ ক্ষমতা বরাদ্দ করা হয় না। ভর্তিসংখ্যা অপরিবর্তিত থাকলে এই পরিবর্তনের ফলে সদ্ব্যবহারের হার কমে যাবে। একইভাবে, যদি কোন রুম আগে কিন্ডারগার্টেন ক্লাসরুম হিসেবে ব্যবহৃত হয়ে থাকে এবং পরে তাকে পঞ্চম গ্রেডের ক্লাসরুম করা হয়, তাহলে ভবনটির অভীষ্ট ধারণ ক্ষমতা বৃদ্ধি পাবে, কেননা কিন্ডারগার্টেন-এর চেয়ে পঞ্চম গ্রেডে অধিক সংখ্যক শিক্ষার্থী থাকবে বলে ডিওই প্রত্যাশা করে। সর্বোচ্চ ক্লাসরুম ধারণক্ষমতার ক্ষেত্রে ডিওই'র মানদণ্ড কিন্ডারগার্টেনের তুলনায় পঞ্চম গ্রেডে অধিক – এ বিষয়টিতে তারই প্রতিফলন ঘটেছে। এই উদাহরণটিতেও, ভর্তিসংখ্যা অপরিবর্তিত বলে ধরে নিলে, সদ্ব্যবহারের হার কমবে।

যদিও ১০০% এর চেয়ে বড় বা সমান সদ্ব্যবহারের হার দ্বারা বোঝাতে পারে যে ভবনটি কোন নির্দিষ্ট সময়ে অতি-ব্যবহৃত বা অতিজনাকীর্ণ হয়ে পড়তে পারে, তবুও এই হারে এ বিষয়টি বিবেচনা করা হয় না যে রুমগুলো বিভিন্ন রকমের ব্যবহারের জন্য বা আরো দক্ষভাবে ব্যবহারের জন্য পরিকল্পনা করা হতে পারে। অধিকন্তু, চার্টার স্কুল ভর্তির পরিকল্পনাসমূহ প্রায়শ অভীষ্ট ধারণ ক্ষমতার চেয়ে বৃহত্তর ক্লাসের আকারের ভিত্তিতে করা হয়ে থাকে, যার ফলে ভবনের সদ্ব্যবহারের হার ১০০%-এর উপরে চলে যায়। সেকশন III.B–তে ফুটপ্রিন্ট[10] অনুসারে প্রতিটি স্কুলের প্রাপ্য ন্যূনতম কক্ষ বরাদ্দ এবং ঐ ভবনে বিদ্যমান কক্ষের মোট সংখ্যা তুলে ধরা হয়েছে, যা থেকে ভবনটিতে প্রাপ্য জায়গার মোট পরিমাণ সম্পর্কে আরো পূর্ণাঙ্গ চিত্র পাওয়া যাবে। অধিকন্তু, স্কুলসমূহে ভর্তি সংখ্যা বছরে বছরে সামান্য পরিবর্তিত হতে পারে এমন সব কারণে যেগুলো আগে থেকে অনুমান করা যায়না, যেমন কোন হাই স্কুলে নবম গ্রেড পুনরাবৃত্তিকারী শিক্ষার্থীর সংখ্যা সামান্য বেড়ে গেলে অথবা কোন স্কুল-জোনে বসবাসরত কিন্ডারগার্টেন-বয়সী শিক্ষার্থীর সংখ্যা এক বছরের চেয়ে অন্য বছর বেশি হলে।

III. ভুক্তভোগী শিক্ষার্থী, স্কুল, এবং কমিউনিটির ওপর প্রস্তাবটির প্রভাব

যেমনটি পূর্বেই উল্লেখ করা হয়েছে, ইনভিক্টাস প্রেপ স্কুলটি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট ১৯-এর অভ্যন্তরে ব্রুকলিন-এ একটি নতুন পাবলিক স্কুল খোলার জন্য এর চার্টার অনুমোদনকারী কর্তৃপক্ষ এসইউএনআই চার্টার স্কুল ইন্সটিটিউট কর্তৃক অনুমোদন লাভ করেছে। ইনভিক্টাস প্রেপ ২০১১-২০১২ স্কুল-বর্ষে একটি পঞ্চম গ্রেড ক্লাস চালু করবে এবং পরবর্তী প্রত্যেক বছর একটি করে নতুন গ্রেড যুক্ত করবে, যে পর্যন্ত না এটি ২০১৪-২০১৫ বর্ষে পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত সর্বমোট ৩৫১ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করে। কে২১৮-তে এবং ডিস্ট্রিক্ট ১৯-এর অন্যান্য অবস্থানে বিদ্যমান ফাঁকা জায়গা ডিওই মূল্যায়ন করবে এবং ২০১৫-২০১৬ স্কুল-বর্ষ ও তার পরবর্তী সময়ের জন্য প্রাপ্য সবচেয়ে উপযোগী স্থানের ওপর ভিত্তি করে ইনভিক্টাস-এর দীর্ঘমেয়াদী অবস্থানের লক্ষ্যে একটি নতুন শিক্ষাগত প্রভাব বিবরণী ("ইআইএস") জারি করবে। কে২১৮-তে আরো রয়েছে একটি কমিউনিটি ভিত্তিক সংগঠন (সিবিও), বীকন (Beacon), যা শিক্ষার্থীদেরকে স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি প্রদান করে। প্রস্তাবটির ফলে এই সিবিও'টির উপর কোন প্রভাব পড়বে না।

A. শিক্ষার্থী

জে.এইচ.এস ২১৮-তে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের ওপর প্রভাব

ইনভিক্টাস প্রেপ'কে এটির পর্যায়ক্রমিক অধিষ্ঠানের জন্য কে২১৮ ভবনে চার বছর যাবত প্রস্তুত করার প্রস্তাব জে.এইচ.এস ২১৮-এর বর্তমান বা ভবিষ্যত শিক্ষার্থীদের এনরোলমেন্ট বা ভর্তিসংখ্যা, অথবা ভর্তি প্রক্রিয়ার ওপর প্রভাব ফেলবে না।

[10] সিটি স্কুলসমূহে স্থান বরাদ্দ ও ব্যবহার সংক্রান্ত নির্দেশনা সম্বলিত ইন্সট্রাকশনাল ফুটপ্রিন্টটি পেতে হলে অনুগ্রহ করে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন-এর ওয়েবসাইটটি পরিদর্শন করুন: http://schools.nyc.gov/NR/rdonlyres/8CF30F41-DE25-4C30-92DE-731949919FC3/87633/NYCDOE_Instructional_Footprint_Final9210TNT.pdf

জে.এইচ.এস ২১৮ একটি জোনভুক্ত মিডল স্কুল, এবং এটি ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার (Middle School Choice process) মাধ্যমে এর জোন হতে শিক্ষার্থীদের ভর্তি করে থাকে। এতে আরো রয়েছে একটি বাছাই আবেদন কর্মসূচি,[11] যা মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে সকল ডিস্ট্রিক্ট ১৯ শিক্ষার্থীর জন্য উন্মুক্ত। জে.এইচ.এস ২১৮ স্কুলটি ২০১০-২০১১ বর্ষে[12] ষষ্ঠ হতে অষ্টম গ্রেড পর্যন্ত ৫৯৯ জন শিক্ষার্থী ভর্তি করে।

জে.এইচ.এস ২১৮ বর্তমানে কোল্যাবোরেটিভ টিম টিচিং বা সহযোগিতামূলক দলগত শিক্ষকতা ("সিটিটি") ক্লাস, স্ব-নিয়ন্ত্রিত ক্লাস ("এসসি"), এবং বিশেষ শিক্ষা শিক্ষক সহায়তা পরিষেবা ("এসইটিএসএস")-এর সুবিধা দিয়ে থাকে। বিদ্যমান সিটিটি, এসসি, এবং এসইটিএসএস ক্লাসগুলো অব্যাহতভাবে চলবে এবং প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা ("আইইপি") অনুযায়ী আবশ্যিক পরিষেবাসমূহ লাভ করতে থাকবে। একইভাবে, আইইপিসম্পন্ন ভবিষ্যত শিক্ষার্থীরাও জে.এইচ.এস ২১৮ হতে আবশ্যিক পরিষেবাসমূহ পাবে।

আইইপি সম্পন্ন শিক্ষার্থীরা তাদের অ-প্রতিবন্ধী সহপাঠীদের মত একই ভাবে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নেবে। ডিওই মিডল স্কুলগুলোকে শিক্ষার্থীদের আইইপি পর্যালোচনায় সহায়তা করবে যাতে করে প্রতিবন্ধকতা সম্পন্ন শিক্ষার্থীদের প্রয়োজন মিটানো সম্ভব হয়। এক্ষেত্রে শিক্ষার্থীরা যেন যতদূর সম্ভব সাধারণ শিক্ষা পাঠক্রমে অন্তর্ভুক্ত হতে পারে তা নিশ্চিত করতে ব্যক্তির চাহিদা ভিত্তিক পরিষেবা দেয়া হবে। কোন শিক্ষার্থী যে মিডল স্কুলে সুযোগ পাবে, সেই স্কুল শিক্ষার্থীর চাহিদা মিটানোর কর্মসূচী প্রণয়ন করবে। আইইপি সম্পন্ন শিক্ষার্থী যারা মিডল স্কুলে অন্তর্ভুক্ত হতে যাচ্ছে তাদের জন্য এই প্রক্রিয়া অন্য সব শিক্ষার্থীর মত একইভাবে কার্যকর হবে। অনুরূপভাবে আইইপি সম্পন্ন কোন শিক্ষার্থী যে জোনভূক্ত মিডল স্কুল বা চয়েস স্কুলের সঙ্গে মিলবে সেখান থেকে অব্যাহতভাবে যথোপযুক্ত পরিষেবা পাবে।

ডিওই'র নীতিমালা অনুসারে, ইংরেজি ভাষা শিক্ষার্থীরা ("ইএলএল") তাদের সহপাঠী যারা ইএলএল নয় তাদের মত একই পদ্ধতিতে মিডল স্কুলে ভর্তি হয়। জে.এইচ.এস ২১৮-এর বর্তমান ও ভবিষ্যত ইএলএল শিক্ষার্থীরা অব্যাহতভাবে আবশ্যিক পরিষেবাসমূহ পেতে থাকবে।

জে.এইচ.এস ২১৮ বর্তমানে ভবনটির বিপুল সংখ্যক অতিরিক্ত কক্ষ ব্যবহার করছে। জে.এইচ.এস ২১৮ এ সকল অতিরিক্ত কক্ষের মধ্য থেকে বেশ কয়েকটি হারাবে, এবং তখন একে সিটিব্যাপী পাঠদানগত ফুটপ্রিন্ট (Citywide Instructional Footprint) অনুযায়ী ন্যূনতম বরাদ্দকৃত কক্ষসংখ্যার কাছাকাছি থেকে এর কার্যক্রম পরিচালনা করতে হবে। সংযুক্ত ভবন সদ্ব্যবহার পরিকল্পনাটিতে যেরূপ বর্ণিত রয়েছে, ডিওই পূর্বানুমান করছে না যে শ্রেণিকক্ষের জায়গা হ্রাস পাওয়ার ফলে জে.এইচ.এস ২১৮-এর পাঠদানগত কর্মসূচির প্রাপ্যতার উপর কোন প্রভাব পড়বে।

- জে.এইচ.এস ২১৮ বর্তমানে আর্থ সায়েন্স, এবং সমন্বিত বীজগণিত বিষয়ে রিজেন্টস ক্লাসের সুযোগ প্রদান করে থাকে। জে.এইচ.এস ২১৮-এ আরো যে সকল বিশেষ কর্মসূচি এবং উদ্যোগসমূহ রয়েছে তা হলো: আইটীচ/আইলার্ন ওয়ান-টু-ওয়ান ল্যাপটপ প্রোগ্রাম, পুলিশ অ্যাথলেটিক লীগ (পিএএল)/বীকন প্রোগ্রাম, ম্যাথ ফেয়ার, ক্যারিয়ার ডে, পোয়েট্রি স্ল্যাম, এবং ফিল্ড ডে।
- জে.এইচ.এস ২১৮-তে আরো রয়েছে পাঠক্রম-বহির্ভূত নিম্নোক্ত কর্মকাণ্ডসমূহ: উমোজা স্টেপার্স, সিনট ড্যান্স অনসম্বল, সিনোট কোরাস, আইস্কোয়াড, ওয়ারিয়র্স বাস্কেটবল টিম, ইনডোর ট্র্যাক, এবং আউটডোর ট্র্যাক।

জে.এইচ.এস ২১৮ শিক্ষার্থীদের আগ্রহ, প্রাপ্য রিসোর্স, এবং স্টাফ সহায়তার ওপর ভিত্তি করে পাঠক্রম-বহির্ভূত কর্মসূচিসমূহের সুযোগ প্রদান অব্যাহত রাখবে। প্রস্তাবিত সহাবস্থানের ফলে এ সকল সুযোগ বিঘ্নিত হবে না, তবে এই প্রস্তাবের কারণে সেসব কর্মসূচি ভিন্নভাবে নকশাকৃত হতে পারে। উদাহরণস্বরূপ কিছু কিছু কর্মকাণ্ডের জন্য ক্লাসরুমের জায়গা যৌথভাবে ব্যবহার করা প্রয়োজন হতে পারে, অথবা স্কুল চলাকালে বা ছুটির পর প্রাপ্য স্থানে বৃহত্তর চাহিদার প্রেক্ষিতে এ সকল কর্মকাণ্ডের সময়সূচি পরিবর্তিত হতে পারে। শিক্ষার্থীরা নানবিধ পাঠক্রম-বহির্ভূত কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ অব্যাহতভাবে পেতে থাকবে, যদিও কোন নির্দিষ্ট স্কুলে প্রদত্ত সুনির্দিষ্ট কর্মসূচি সর্বদাই পরিবর্তিত হতে পারে। এটি সিটি'র যে কোন শিক্ষার্থীর জন্য সত্যি, কেননা সকল স্কুল তাদের পাঠক্রম-বহির্ভূত কর্মসূচিসমূহ শিক্ষার্থীর চাহিদা এবং প্রাপ্য রিসোর্সের ওপর ভিত্তি করে বার্ষিক ভিত্তিতে পরিবর্তন করে থাকে।

অধিকন্তু, ডিওই পূর্বানুমান করে না যে এই প্রস্তাব জে.এইচ.এস ২১৮-এর অংশীদারিত্বসমূহকে প্রভাবিত করবে।

- যাদের সঙ্গে জে.এইচ.এস ২১৮-এর অংশীদারিত্ব রয়েছে তারা হল সেন্ট ফ্রান্সিস কলেজ, লং আইল্যান্ড ইউনিভার্সিটি, ব্রুকলিন কলেজ, আইটীচ/আইলার্ন, কোঅপারেটিভ, হেলদি, অ্যাক্টিভ, মোটিভেটেড, পজিটিভ স্টুডেন্টস (চ্যাম্পস)।

স্কুল ফর ক্লাসিকস-এ বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীদের ওপর প্রভাব

ইনভিক্টাস প্রেপ-এর প্রস্তাবিত সহাবস্থানের ফলে স্কুল ফর ক্লাসিকস-এর বর্তমান বা ভবিষ্যত শিক্ষার্থীদের ভর্তিসংখ্যা, অথবা ভর্তি প্রক্রিয়া প্রভাবিত হবে না বলে প্রত্যাশিত।

[11] বাছাই আবেদন পদ্ধতিতে ভর্তি নির্ধারিত হয় স্কুল কর্তৃক নির্ধারিত মানদণ্ড অনুযায়ী।
[12] ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার।

২০১০-২০১১ বর্ষে স্কুল ফর ক্লাসিকস নবম হতে একাদশ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে। ২০১১-২০১২ বর্ষে স্কুল ফর ক্লাসিকস সম্প্রসারিত হয়ে দ্বাদশ গ্রেড শিক্ষার্থীদের পরিষেবা দেবে এবং পূর্ণ মাত্রা অর্জন করবে। স্কুল ফর ক্লাসিকস একটি ডিওই হাই স্কুল, এবং এটি সিটিব্যাপী হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় সীমিত অবাছাই পদ্ধতির মাধ্যমে ২৩৮ জন শিক্ষার্থীকে ভর্তি করে থাকে। স্কুল ফর ক্লাসিকস বর্তমানে কোল্যাবোরেটিভ টিম টিচিং বা সহযোগিতামূলক দলগত শিক্ষকতা ("সিটিটি") ক্লাস, স্ব-নিয়ন্ত্রিত ক্লাস ("এসসি"), এবং বিশেষ শিক্ষা শিক্ষক সহায়তা পরিষেবা ("এসইটিএসএস")-এর সুবিধা প্রদান করে। বর্তমান সিটিটি, এসসি, এবং এসইটিএসএস ক্লাসগুলো অব্যাহতভাবে চলবে এবং প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীরা তাদের ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা ("আইইপি") অনুযায়ী আবশ্যিক পরিষেবাসমূহ লাভ করতে থাকবে। একইভাবে, আইইপিসম্পন্ন ভবিষ্যত শিক্ষার্থীরাও স্কুল ফর ক্লাসিকস-এ আবশ্যিক পরিষেবাসমূহ পেতে থাকবে।

আইইপিসম্পন্ন শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের ন্যায় একই নিয়মে হাই স্কুলে ভর্তি হয়। সকল শিক্ষার্থীর চাহিদা পূরণ করে এবং সাধারণ শিক্ষা পাঠক্রমে যথাযথ সংশ্লিষ্টতা নিশ্চিত করে এরূপ কর্মসূচি স্কুলসমূহ তৈরি করবে বলে প্রত্যাশিত। অধিকন্তু, যে সকল শিক্ষার্থী ইএলএল হিসেবে শ্রেণিভুক্ত এবং ভর্তিকৃত, এবং যারা দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি ("ইএসএল") অথবা ক্রান্তিকালীন দ্বিভাষিক পরিষেবা গ্রহণ করছে, তারা অব্যাহতভাবে তাদের আবশ্যিক পরিষেবাসমূহ পেতে থাকবে। স্কুল ফর ক্লাসিকস স্প্যানিশ ভাষায় ক্রান্তিকালীন দ্বিভাষিক পরিষেবা প্রদান করে থাকে, এবং তা আবশ্যিকরূপে অব্যাহত থাকবে। স্কুল ফর ক্লাসিকস-এর সকল বর্তমান ও ভবিষ্যত ইএলএল শিক্ষার্থী অব্যাহতভাবে আবশ্যিক পরিষেবাসমূহ পেতে থাকবে।

সংযুক্ত ভবন সদ্ব্যবহার পরিকল্পনাটিতে যেরূপ বর্ণিত রয়েছে, ডিওই পূর্বানুমান করছে না যে এই প্রস্তাবটি স্কুল ফর ক্লাসিকস-এ পাঠদানগত পরিকল্পনা এবং পাঠক্রম বহির্ভূত কর্মসূচিসমূহের প্রাপ্যতার ওপর কোন প্রভাব ফেলবে।

- স্কুল ফর ক্লাসিকস বর্তমানে সেট অ্যান্ড কস্টিউম ডিজাইন, অভিনয়, নৃত্য, সঙ্গীত, নাট্য প্রযোজনা, নাটক রচনা, নাট্য মঞ্চায়ন, চিরায়ত সাহিত্য, অনুষ্ঠাননির্ভর এবং দৃষ্টিনির্ভর শিল্প, প্রচারণা, প্রামাণ্য অনুষ্ঠান, স্কুল নেতৃত্ব এবং স্প্যানিশ অধ্যয়নের সুযোগ প্রদান করে।

- স্কুল ফর ক্লাসিকস বর্তমানে নিম্নোক্ত পাঠক্রম-বহির্ভূত নিম্নোক্ত কর্মকাণ্ডসমূহের সুযোগ দিয়ে থাকে: অ্যাডভাইজরি অ্যান্ড লীডারশিপ, ভূগোল ও ভ্রমণ, নাটক, গণিত ক্লাব, সৃষ্টিশীল লিখন ক্লাব, নাটক ক্লাব, এবং শিক্ষার্থী সরকার।

স্কুল ফর ক্লাসিকস শিক্ষার্থীদের আগ্রহ, প্রাপ্য রিসোর্স, এবং স্টাফ সহায়তার ওপর ভিত্তি করে পাঠক্রম-বহির্ভূত কর্মসূচিসমূহের সুযোগ প্রদান অব্যাহত রাখবে। প্রস্তাবিত সহাবস্থানের বিষয়টি এ সকল সুযোগকে প্রভাবিত করবে না, তবে এই প্রস্তাবের কারণে সেসব কর্মসূচি ভিন্নভাবে নকশাকৃত হতে পারে। উদাহরণস্বরূপ কিছু কিছু কর্মকাণ্ডের জন্য ক্লাসরুমের জায়গা যৌথভাবে ব্যবহার করা প্রয়োজন হতে পারে, অথবা স্কুল চলাকালে বা ছুটির পর প্রাপ্য স্থানে বৃহত্তর চাহিদার প্রেক্ষিতে এ সকল কর্মকাণ্ডের সময়সূচি পরিবর্তিত হতে পারে। শিক্ষার্থীরা নানবিধ পাঠক্রম-বহির্ভূত কর্মসূচিতে অংশগ্রহণের সুযোগ অব্যাহতভাবে পেতে থাকবে, যদিও কোন নির্দিষ্ট স্কুলে প্রদত্ত সুনির্দিষ্ট কর্মসূচি সর্বদাই পরিবর্তিত হতে পারে। এটি সিটি'র যে কোন শিক্ষার্থীর জন্য সত্যি, কেননা সকল স্কুল তাদের পাঠক্রম-বহির্ভূত কর্মসূচিসমূহ শিক্ষার্থীর চাহিদা এবং প্রাপ্য রিসোর্সের ওপর ভিত্তি করে বার্ষিক ভিত্তিতে পরিবর্তন করে থাকে।

ডিওই পূর্বানুমান করে না যে এই প্রস্তাব স্কুল ফর ক্লাসিকস-এর অংশীদারিত্বসমূহকে প্রভাবিত করবে।

- স্কুল ফর ক্লাসিকস-এর অংশীদারিত্ব রয়েছে যাদের সঙ্গে তারা হল স্টার (STARR) ইনকরপোরেটেড, দ্য নিউ পারস্পেক্টিভ থিয়েটার কোম্পানি, ব্রুকলিন কলেজ, আর্টস কানেকশন (ArtsConnection), এবং ব্রুকলিন আর্টস কাউন্সিল।

ডিস্ট্রিক্ট ১৯-এ ভবিষ্যত মিডল স্কুল শিক্ষার্থীদের ওপর ইনভিক্টাস প্রেপ-এর সহাবস্থানের প্রভাব

ইনভিক্টাস প্রেপ লটারির মাধ্যমে পঞ্চম গ্রেড শিক্ষার্থীদের ভর্তি করবে, যেখানে অগ্রগণ্যতা থাকবে ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থীদের। পঞ্চম গ্রেডে প্রবেশকারী শিক্ষার্থীরা ইনভিক্টাস প্রেপ-এর ভর্তি লটারিতে অংশগ্রহণের যোগ্য হবে। ইনভিক্টাস প্রেপ পঞ্চম হতে অষ্টম গ্রেড পর্যন্ত অতিরিক্ত প্রায় ৩০১টি আসন ডিস্ট্রিক্ট ১৯-এ সংযুক্ত করবে।

ডিস্ট্রিক্ট ১৯-এ ইনভিক্টাস প্রেপ ছাড়াও বেশ কতগুলো পাবলিক চার্টার স্কুল রয়েছে যারা চার্টার লটারি আবেদন প্রক্রিয়ার মাধ্যমে ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থীদের অগ্রাধিকার দিয়ে থাকে। সেসব স্কুল নিচের তালিকায় উল্লেখ করা হল:

স্কুলের নাম (টিবিএন)	ঠিকানা	বর্তমান পরিষেবাধীন গ্রেডসমূহ	পূর্ণমাত্রায় পরিষেবাধীন গ্রেডসমূহ	বর্তমান ভর্তিসংখ্যা ২০১০-২০১১[13]	ভর্তির মানদণ্ড	পাঠক্রম-বহির্ভূত কর্মকাণ্ড
অ্যাচিভমেন্ট ফার্স্ট ঈস্ট নিউ ইয়র্ক চার্টার স্কুল (৮৪কে৩৫৮)	557 Pennsylvania Avenue (ES) 158 Richmond Street (MS)	কে-৬	কে-৮	৫১৩ (ইএস) ৮৬ (এমএস)	কিন্ডারগার্টেন লটারি	আবশ্যিক সামার অ্যাকাডেমি, বর্ধিত দিবস, স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি, রীচ ক্লাব, আফ্রিকান ড্রামিং, ড্যান্স
ব্রুকলিন স্কলারস চার্টার স্কুল (৮৪কে৭৪০)	2635 Linden Boulevard	কে-৫	কে-৮	২৪৯	কিন্ডারগার্টেন লটারি	স্কুল ছুটি-পরবর্তী কর্মসূচি
দ্য ইউনাইটেড ফেডারেশন অব টিচারস চার্টার স্কুল (৮৪কে৩৫৯)	300 Wyona Street (ES) 800 Van Siclen Avenue (MS)	কে-১০	কে-১২	৪৪৮ (ইএস) ৩০৯ (এমএস) ১৪৮ (এইচএস)	কিন্ডারগার্টেন লটারি	বর্ধিত দিবস, পাঠক্রম-বহির্ভূত কর্মকাণ্ড

উপরের তালিকাটিতে আরো রয়েছে (এই ইআইএস'টি তৈরির সময় প্রাপ্যতা অনুযায়ী) এ সকল চার্টার স্কুলের জন্য পরিকল্পিত বিশেষায়িত প্রাতিষ্ঠানিক কর্মসূচিগুলোর বিবরণ। চার্টার স্কুলসমূহ এবং চার্টার লটারি আবেদন প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রতি বছর প্রকাশিত হয় এবং তা পাওয়া যায় মুদ্রিত আকারে অথবা ডিওই ওয়েবসাইটে এই ঠিকানায়: http://schools.nyc.gov/community/planning/charters/For+Parents.

জে.এইচ.এস ২১৮ একটি জোনভুক্ত মিডল স্কুল, এবং এটি ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে এর জোনভুক্ত শিক্ষার্থীদের জন্য অব্যাহতভাবে আসন নিশ্চিত রাখবে। কোন শিক্ষার্থীর জোনভুক্ত স্কুল নির্ধারিত হয় তার বাড়ির ঠিকানা দ্বারা। স্কুল জোন ব্যবস্থা এবং ভর্তি প্রক্রিয়া সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক ডিওই ওয়েবসাইটের স্কুল অনুসন্ধান ফাংশনটি ব্যবহার করুন: http://schools.nyc.gov/SchoolSearch. জে.এইচ.এস ২১৮ ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে জোন-বহির্ভূত প্রাতিষ্ঠানিক বাছাই কর্মসূচিসমূহেও ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থী ও বাসিন্দাদের ভর্তি করে থাকে এবং তা করা অব্যাহত রাখবে। বাছাই কর্মসূচিসমূহ আবেদনকারীদের মূল্যায়ন করে তাদের প্রাতিষ্ঠানিক গ্রেড, প্রমিত পরীক্ষার স্কোর, উপস্থিতি ও সময়ানুবর্তিতা, এবং অন্যান্য বিষয়ের ভিত্তিতে।

ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল বাছাই প্রক্রিয়ায় শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুলসমূহের মধ্য থেকে তাদের পছন্দক্রম উল্লেখ করে। এ সকল বিকল্পের মধ্যে রয়েছে:[14]

- বাছাই আবেদন প্রক্রিয়াসম্পন্ন জোন-বহির্ভূত বাছাইযোগ্য মিডল স্কুল (স্কুল কর্তৃক নির্ধারিত মানদণ্ডের ভিত্তিতে ভর্তি);
- অবাছাই বা সীমিত অবাছাই আবেদন প্রক্রিয়াসম্পন্ন জোন-বহির্ভূত বাছাইযোগ্য মিডল স্কুল (জ্ঞাতব্য: সীমিত অবাছাই স্কুলসমূহ অবাছাই স্কুলের ন্যায় একই ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করে, তবে তারা সেসব শিক্ষার্থীকে অগ্রাধিকার দেয় যারা স্কুলের তথ্য অধিবেশনে যোগদান করেছে);
- জোনভুক্ত মিডল স্কুলসমূহ

আইইপিসম্পন্ন ডিস্ট্রিক্ট ৭৫ বহির্ভূত শিক্ষার্থীরা তাদের অপ্রতিবন্ধী সহপাঠীদের মত একই পদ্ধতিতে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয়। শিক্ষার্থীদের আইইপি পর্যালোচনাপূর্বক প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থীদের চাহিদা পূরণকল্পে ব্যক্তিগত চাহিদামাফিক পরিষেবা মডেল প্রণয়ন করতে মিডল স্কুলসমূহকে ডিওই সমর্থন যোগাবে, যা নিশ্চিত করবে যে শিক্ষার্থীরা যেন সম্ভাব্য সর্বাধিক মাত্রায় সাধারণ শিক্ষার পাঠক্রম পেতে পারে। শিক্ষার্থীর চাহিদা পূরণে তার জন্য 'ম্যাচিং' বা বাছাইকৃত মিডল স্কুলটি কর্মসূচি প্রণয়ন করবে। এই প্রক্রিয়াটি অন্যান্য সকল শিক্ষার্থীর ক্ষেত্রে যেভাবে প্রযোজ্য, মিডল স্কুলে উত্তরণরত

[13] ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার
[14] http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle.

আইইপি সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রেও একইভাবে প্রযোজ্য হবে। একইভাবে আইইপিসম্পন্ন যে কোন শিক্ষার্থী তার বাছাইকৃত ভর্তি হওয়া স্কুলে উপযুক্ত পরিষেবা অব্যাহতভাবে পেতে থাকবে।

ডিওই'র নীতিমালা অনুসারে, ইএলএল শিক্ষার্থীরা তাদের সহপাঠী যারা ইএলএল নয় তাদের মত একই পদ্ধতিতে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয়। ইএলএল শিক্ষার্থীদেরকে তাদের ইংরেজিভাষী সহপাঠীদের মত একই মানদণ্ডে ভর্তির সুযোগ দেওয়া হয়। ইএলএল পরিষেবার চাহিদাসম্পন্ন শিক্ষার্থীরা তাদের জন্য ম্যাচ হওয়া মিডল স্কুলে আবশ্যিক পরিষেবাসমূহ অব্যাহতভাবে পেতে থাকবে।

অধিকন্তু, জে.এইচ.এস ২১৮ ওভার-দ্য-কাউন্টার শিক্ষার্থীদের[15] গ্রহণ করা অব্যাহত রাখবে বলে প্রত্যাশিত।

ওভার-দ্য-কাউন্টার (ওটিসি) ভর্তি এমন একটি পারিভাষিক শব্দ যা সেসব শিক্ষার্থীর ভর্তি পদ্ধতিকে বোঝায় যাদের কোন একটি স্কুলে সংযুক্ত থাকা প্রয়োজন, কেননা তারা প্রবেশকালীন গ্রেডসমূহে কোন ভর্তি প্রক্রিয়ার অংশ ছিল না এবং/অথবা স্কুল শুরু করার সময় তারা কোন এনওয়াইসি স্কুলে অন্তর্ভুক্ত ছিল না। এ সকল শিক্ষার্থী নিম্নোক্ত চারটি শ্রেণিবিন্যাসের কোন একটিতে পড়ে:

- নিউ ইয়র্ক সিটি স্কুল ব্যবস্থাটি তাদের নিকট নতুন; অথবা
- নিউ ইয়র্ক সিটি স্কুল ব্যবস্থা পরিত্যাগ করে গিয়েছিল এবং আবার ফিরে এসেছে; অথবা
- বদলী কামনা করছে (চ্যান্সেলরের প্রবিধান এ-১০১ –এ বর্ণিত নীতিমালার ওপর ভিত্তি করে)[16]; অথবা
- যে সকল শিক্ষার্থী অন্য কোন কারণে মিডল স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশ নেয়নি।

যখন মিডল স্কুলে ভর্তির যোগ্য কোন শিক্ষার্থী ওভার-দ্য-কাউন্টার ভর্তির জন্য আসে, তখন তার স্কুল সংযুক্তির বিষয়টি নির্ণিত হয় তার আগ্রহ, বাড়ির ঠিকানা এবং কোন্ স্কুলে আসন বিদ্যমান রয়েছে, এবং প্রযোজ্য ক্ষেত্রে বদলীর নীতিমালার ওপর নির্ভর করে। শিক্ষার্থীরা তাদের ইতিপূর্বে যোগ দেওয়া এলিমেন্টারি স্কুলের ডিস্ট্রিক্ট-এর ভিত্তিতে অথবা তাদের বাড়ির ঠিকানার ডিস্ট্রিক্ট-এর জোনভুক্তি অনুযায়ী মিডল স্কুলে যোগদানের যোগ্য। জোন-বহির্ভূত ডিস্ট্রিক্ট-এর ক্ষেত্রে শিক্ষার্থী একটি বারা এনরোলমেন্ট অফিস (Borough Enrollment Office) পরিদর্শন করে, যেখানে সে একজন কাউন্সেলরের সঙ্গে সাক্ষাত করবে, যিনি শিক্ষার্থীর চাহিদা পূরণের বিকল্পসমূহ পর্যালোচনা করবেন। অবশ্য অনেক ডিস্ট্রিক্ট-এ শিক্ষার্থীরা বছরের শুরুতে শুধুমাত্র তাদের জোনভুক্ত স্কুলগুলোতে উপস্থিত হতে পারে।

যদি ডিভিশন অব পোর্টফোলিও প্ল্যানিং (Division of Portfolio Planning) কর্তৃক নির্ধারণ করা হয় যে অতিরিক্ত ওটিসি আসন প্রয়োজন হতে পারে, তাহলে বিদ্যমান আসন সংখ্যা পর্যালোচনা করা হয় এবং – যদি স্থান সঙ্কুলান সম্ভব হয় – তাহলে যেসব স্কুলে ভর্তি পদ্ধতি হচ্ছে সীমিত অবাছাই, শিক্ষাগত বিকল্প অথবা অবাছাই সেসব স্কুলে তা সমন্বয় করা হয়। কোন জোনভুক্ত স্কুল তার সর্বোচ্চ ধারণ ক্ষমতায় পৌঁছে গেলে, সেক্ষেত্রে স্কুলটিকে "ছিপিবদ্ধ" করা হতে পারে, এবং সেক্ষেত্রে ওটিসি'র জন্য আগত শিক্ষার্থীদেরকে ভিন্ন কোন ডিস্ট্রিক্ট মিডল স্কুলে পরিচালিত করা হতে পারে। যদি "ছিপিবদ্ধ" অর্থা ভর্তি বন্ধ করে দেওয়া স্কুলটিতে আবার পর্যাপ্ত স্থান উন্মুক্ত হয়, তাহলে শিক্ষার্থী সেখানে প্রত্যাবর্তন করার অধিকার রাখে, যদি সে ঐ ধরনের বিকল্প নির্বাচন করে থাকে।

এছাড়া, বাছাই এবং অডিশন স্কুল, অল্টারনেটিভ প্রোগ্রামসমূহে সুযোগ প্রদান করা হয়ে থাকে রেফারাল-এর মাধ্যমে। এভাবে ডিওই প্রত্যেকটি শিক্ষার্থীকে বিপুল সংখ্যক স্কুলের মধ্য থেকে প্রশস্ততম পরিসরের বিকল্প প্রদানে সক্ষম হয়।

ভবিষ্যতে উদীয়মান ষষ্ঠ গ্রেড শিক্ষার্থীরা ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল বাছাই প্রক্রিয়ার মাধ্যমে বৃহ পরিসরের মিডল স্কুলসমূহে অব্যাহতভাবে প্রবেশযোগ্যতা পেতে থাকবে। অ্যাচিভমেন্ট ফার্স্ট ঈস্ট নিউ ইয়র্ক চার্টার স্কুল কিন্ডারগার্টেন হতে ষষ্ঠ গ্রেড পর্যন্ত পরিষেবা দেয় এবং এর ভর্তি লটারিতে ডিস্ট্রিক্ট ১৯-এর জন্য অগ্রাধিকার দিয়ে থাকে। দ্য ইউনাইটেড ফেডারেশন অব টিচারস চার্টার স্কুল কিন্ডারগার্টেন হতে দশম গ্রেড পর্যন্ত পরিষেবা দেয় এবং এটিও ভর্তি লটারিতে ডিস্ট্রিক্ট ১৯-এর জন্য অগ্রাধিকার দিয়ে থাকে।

ভবিষ্যত হাই স্কুল শিক্ষার্থীদের ওপর ইনভিক্টাস প্রেপ-এর সহাবস্থানের প্রভাব

স্কুল ফর ক্লাসিকস-এ যে পদ্ধতিতে শিক্ষার্থীরা ভর্তি হয় তার ওপর এই প্রস্তাব কোন প্রভাব ফেলবে না।

নিউ ইয়র্ক সিটিতে হাই স্কুল ভর্তিসমূহ একটি সিটিব্যাপী পছন্দক্রমের ওপর ভিত্তি করে হয়ে থাকে, যেখানে হাই স্কুল ভর্তির "মূল রাউন্ড"-এর সময় শিক্ষার্থীরা ১২টি পর্যন্ত হাই স্কুল তাদের পছন্দক্রম অনুসারে উল্লেখ করতে পারে। ২০১১-২০১২ স্কুল-বর্ষ হতে শুরু করে স্কুল ফর ক্লাসিকস দ্বাদশ গ্রেডে পরিষেবা প্রদানের লক্ষ্যে সম্প্রসারিত হবে এবং তখন এটি নবম হতে দ্বাদশ গ্রেড পর্যন্ত ৩০০-৩৫০ জন শিক্ষার্থীর একটি অনুমিত ভর্তিসংখ্যা নিয়ে পূর্ণাঙ্গ ধারণক্ষমতা অর্জন করবে। হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে স্কুল ফর ক্লাসিকস শিক্ষার্থীদের ভর্তি অব্যাহত রাখবে। স্কুল ফর ক্লাসিকস-এর একটি সীমিত-অবাছাই ভর্তি প্রক্রিয়া রয়েছে, এবং এটি সেসব শিক্ষার্থীকে প্রাধান্য দেয় যারা স্কুলের তথ্য অধিবেশনে যোগ দিয়েছে। ইনভিক্টাস প্রেপ-এর প্রস্তাবিত সহাবস্থান স্কুল ফর ক্লাসিকস-এর ভর্তি নীতিমালাকে প্রভাবিত করবে না।

---

[15] জে.এইচ.এস ২১৮-এর অনুমিত ভর্তিসংখ্যার মধ্যে রয়েছে জে.এইচ.এস ২১৮-এর জোনভুক্ত শিক্ষার্থী এবং "ওভার-দ্য-কাউন্টার" পদ্ধতিতে ভর্তিপ্রার্থী শিক্ষার্থী। এই ইআইএস-এর সঙ্গে সংযুক্ত ভবন সদ্ব্যবহার পরিকল্পনায় যেমন আরো বিশদভাবে বলা হয়েছে স্কুলসমূহকে সহাবস্থানকারী স্কুলগুলোর আনুপাতিক ভর্তিসংখ্যার ভিত্তিতে স্থান বরাদ্দ করা হয়। তাই, কে২১৮-তে জে.এইচ.এস ২১৮-এর অনুকূলে বরাদ্দকৃত স্থান "ওটিসি" শিক্ষার্থীসহ এর অনুমিত ভর্তিসংখ্যার জন্য স্থান সঙ্কুলান করবে।

[16] চ্যান্সেলরের প্রবিধান এ-১০১ অনুসারে, শিক্ষার্থীদের তাদের পূর্ববর্তী স্কুল হতে অবমুক্ত হওয়ার এক পঞ্জিকা বছরের মধ্যে সেখানে "প্রত্যাবর্তনের অধিকার" রয়েছে, তবে তা বিদ্যমান আসনের ওপর নির্ভরশীল। কাজেই এটি সম্ভব যে ওটিসি ভর্তির জন্য আগত জোন-বহির্ভূত শিক্ষার্থীদেরকে জোনভুক্ত স্কুলে ভর্তির সুযোগ দেওয়া হতে পারে।

যে সকল শিক্ষার্থী বর্তমানে অষ্টম গ্রেডে ভর্তিকৃত এবং স্কুল ফর ক্লাসিকস-এ ভর্তির আবেদনে ইচ্ছুক তারা সেপ্টেম্বর ২০১১-তে নবম গ্রেডে আসনপ্রাপ্তির জন্য চলতি স্কুল-বর্ষে হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। এটি ২০১৪-২০১৫ বর্ষ পর্যন্ত প্রতি বছর একটি করে গ্রেড যোগ করা অব্যাহত রাখবে, যখন এটি ষষ্ঠ হতে দ্বাদশ গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদান করবে এবং পূর্ণ মাত্রা অর্জন করবে। হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় শিক্ষার্থীরা তাদের আবেদনে বারোটি পর্যন্ত হাই স্কুল তাদের পছন্দক্রম অনুসারে উল্লেখ করতে পারে। এ সকল আবেদন শিক্ষার্থীরা ডিসেম্বরের গোড়ার দিকে দাখিল করে থাকে।

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ায় তিনটি রাউন্ড রয়েছে, যার রূপরেখা ডিওই'র ওয়েবসাইটে দেওয়া আছে এই ঠিকানায়: http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Admissions:

বিশেষায়িত হাই স্কুল রাউন্ড: যে সকল শিক্ষার্থী অক্টোবর অথবা নভেম্বর ২০১০-এ বিশেষায়িত হাই স্কুল ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেছে এবং যারা তাদের স্কোরের ভিত্তিতে যোগ্য, এবং যে সকল শিক্ষার্থী লা গার্ডিয়া হাই স্কুল ফর দি আর্টস-এ অডিশন-এ অংশ নিয়েছে এবং উত্তীর্ণ হয়েছে, তাদেরকে প্রযোজ্য ক্ষেত্রে ফেব্রুয়ারি ২০১১-তে বিশেষায়িত হাই স্কুলে অন্তর্ভুক্তির সুযোগ প্রদান করা হয়েছে। যে সকল শিক্ষার্থী বিশেষায়িত হাই স্কুল এবং মূল রাউন্ড অফার উভয়টি পেয়েছে, তাদেরকে এই দুইয়ের মধ্য থেকে যে কোন একটি বেছে নিতে হবে।

মূল রাউন্ড: ডিসেম্বর ২০১০-এ শিক্ষার্থীরা মূল রাউন্ডের আবেদন দাখিল করেছে। সকল অষ্টম গ্রেডের শিক্ষার্থী (বিশেষায়িত হাই স্কুলে সুযোগপ্রাপ্তদেরকে বাদ দিয়ে) এই রাউন্ডের জন্য বিবেচ্য। সাধারণত, এই রাউন্ডটি পরিচালিত হওয়ার ঠিক পূর্বে নতুন স্কুলসমূহ ঘোষণা করা হয় এবং নতুন স্কুলগুলোর কোনটিতে ভর্তি হতে চাওয়া সকল অষ্টম গ্রেডের শিক্ষার্থী পুনরায় তাদের হাই স্কুল আবেদন দাখিলের সুযোগ লাভ করে। নতুন হাই স্কুল পছন্দ ফর্ম ফেব্রুয়ারি ২০১১-তে প্রদান করা হয়। শিক্ষার্থীরা মার্চ ২০১১-তে মূল রাউন্ডের অফার লাভ করে।

সম্পূরক রাউন্ড: মূল রাউন্ডে পছন্দক্রমের কোন স্কুলে সুযোগ না পাওয়া যে কোন শিক্ষার্থীকে এপ্রিল ২০১১-তে একটি নতুন হাই স্কুল আবেদন পূরণ করতে হবে। এ সকল শিক্ষার্থীর জন্য প্রাপ্য পছন্দসমূহের মধ্যে রয়েছে এমন যে কোন স্কুল যেগুলোতে মূল রাউন্ড শেষ হওয়ার পর আসন বিদ্যমান রয়েছে। শিক্ষার্থীরা তাদের সম্পূরক রাউন্ডের ফলাফল মে ২০১১-তে লাভ করবে।

হাই স্কুল ভর্তি প্রক্রিয়ার সময়সূচি ও সময়সীমা সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহপূর্বক নিম্নোক্ত ওয়েবসাইটটি পরিদর্শন করুন: http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Calendar.

ব্যক্তিবিশেষায়িত শিক্ষা পরিকল্পনা ("আইইপি") সম্পন্ন শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের ন্যায় একই নিয়মে হাই স্কুলে ভর্তি হয়। সকল শিক্ষার্থীর চাহিদা পূরণ করে এবং সাধারণ শিক্ষা পাঠক্রমে যথাযথ সংশ্লিষ্টতা নিশ্চিত করে এরূপ কর্মসূচি স্কুলসমূহ তৈরি করবে বলে প্রত্যাশিত। কাজেই আইইপি এবং ইএলএল সম্বলিত শিক্ষার্থীদের জন্য আসন বরাদ্দ প্রক্রিয়া মূলত একই প্রক্রিয়া যা উপরে বর্ণিত হয়েছে।

হাই স্কুল ভর্তি প্রক্রিয়া ছাড়াও কিছু শিক্ষার্থী ওভার-দ্য-কাউন্টার পদ্ধতিতে স্কুলে আসন বরাদ্দ পেয়ে থাকে। যখন কোন শিক্ষার্থীর ওভার-দ্য-কাউন্টার ভর্তির দরকার হয়, তখন তার স্কুল সংযুক্তির বিষয়টি নির্ণিত হয় তার আগ্রহ, বাড়ির ঠিকানা এবং কোন্ স্কুলে আসন বিদ্যমান রয়েছে, এবং প্রযোজ্য ক্ষেত্রে বদলীর নিয়মাবলীর ওপর নির্ভর করে। শিক্ষার্থী একটি বারা এনরোলমেন্ট অফিস (Borough Enrollment Office) পরিদর্শন করে, যেখানে সে একজন কাউন্সেলরের সঙ্গে সাক্ষাত করে, যিনি শিক্ষার্থীর চাহিদা পূরণের বিকল্পসমূহ পর্যালোচনা করেন।

স্কুল উন্মুক্ত হওয়ার পূর্বে এবং উন্মুক্ত থাকাকালে একটি পীক এনরোলমেন্ট পিরিয়ড বা সর্বোচ্চ ভর্তির সময় থাকে যখন হাজার হাজার শিক্ষার্থীর আগমন ঘটে। সর্বোচ্চ এনরোলমেন্ট-এর এই সময়টি আরম্ভ হওয়ার পূর্বে স্কুলসমূহকে তাদের প্রত্যাশিত ওটিসি (ওভার-দ্য-কাউন্টার) শিক্ষার্থীর সংখ্যা সম্পর্কে স্মরণ করিয়ে দেওয়া হয়। এই সংখ্যাটি নির্ণিত হয় স্কুলের এনরোলমেন্ট প্রাক্কলন এবং ভর্তি প্রক্রিয়ার ফলাফলের ওপর ভিত্তি করে।

যদি ডিভিশন অব পোর্টফোলিও প্ল্যানিং (Division of Portfolio Planning) কর্তৃক নির্ধারণ করা হয় যে অতিরিক্ত ওটিসি আসন প্রয়োজন হতে পারে, তাহলে বিদ্যমান আসন সংখ্যা পর্যালোচনা করা হয় এবং – যদি স্থান সঙ্কুলান সম্ভব হয় – তাহলে সে সকল স্কুলে তা সমন্বয় করা হয় যেখানে ভর্তি পদ্ধতি হচ্ছে সীমিত অবাছাই, শিক্ষাগত বিকল্প অথবা অবাছাই।

যে সকল বাছাই কর্মসূচির (প্রাতিষ্ঠানিক মানদণ্ড অর্জন আবশ্যক এরূপ কর্মসূচি) গত দুই বছর ধরে হাই স্কুল ভর্তির ক্ষেত্রে প্রাক্কলিত ভর্তির লক্ষ্যমাত্রা পূরণ না হওয়ার রেকর্ড রয়েছে, সেগুলোকে ওটিসি শিক্ষার্থীদের জন্য ক্ষেত্রে "বাছাই-বিহীন" করা হয়ে থাকে, যার উদ্দেশ্য শিক্ষার্থীদের জন্য বিদ্যমান বিকল্প সংখ্যা বৃদ্ধি করা। এছাড়া, বাছাই এবং অডিশন স্কুল, ট্রান্সফার স্কুল, ইন্টারন্যাশনাল স্কুল এবং অল্টারনেটিভ স্কুলসমূহে সুযোগ প্রদান করা হয়ে থাকে রেফারাল[17] -এর মাধ্যমে। এভাবে ডিওই প্রত্যেকটি ওটিসি শিক্ষার্থীকে বিপুল সংখ্যক স্কুলের মধ্য থেকে প্রশস্ততম পরিসরের বিকল্প প্রদানে সক্ষম হয়।[18]

সর্বোচ্চ এনরোলমেন্ট ঘটার পর্যায়ে শিক্ষার্থী ভর্তিকারী স্কুলসমূহের সংখ্যা সময়ের সাথে সাথে সমান হারে বৃদ্ধি পেয়েছে, যার অর্থ হলো ঐ সময়ে আগত শিক্ষার্থীদেরকে অতীতের চেয়ে বেশি সংখ্যক বিকল্প প্রদান করা হচ্ছে। ২০১০-২০১১ স্কুল বর্ষে নবম হতে দ্বাদশ গ্রেডে পরিষেবা প্রদানকারী ৪৮১টি স্কুল পীক এনরোলমেন্ট পিরিয়ড-এ শিক্ষার্থী ভর্তি করে, যাকে চার বছর পূর্বের ৪২৮টির সঙ্গে তুলনা করা যেতে পারে।

---

[17] ইন্টারন্যাশনাল স্কুলসমূহ স্থাপিত হয়েছে একটি অনন্য শিক্ষণ মডেল-এর মাধ্যমে সাম্প্রতিককালে আগত অভিবাসী শিক্ষার্থীদেরকে একটি মানসম্পন্ন শিক্ষা প্রদান করার লক্ষ্যে। বদলী স্কুলসমূহ হল ক্ষুদ্র, প্রাতিষ্ঠানিকভাবে কঠোর বিধিবিধানসম্পন্ন হাই স্কুল যেগুলোর উদ্দেশ্য স্কুল ত্যাগ করা অথবা বর্তমানে তাদের বয়সের তুলনায় কম ক্রেডিটসম্পন্ন (যাদেরকে "অধিক-বয়সী এবং কম ক্রেডিটসম্পন্ন" হিসেবে অভিহিত করা হয়) পিছিয়ে পড়া শিক্ষার্থীদেরকে পুনরায় শিক্ষায় সম্পৃক্ত করা।

[18] স্কুল ফর ক্লাসিকস-এর অনুমিত ভর্তিসংখ্যার মধ্যে রয়েছে "ওভার-দ্য-কাউন্টার" পদ্ধতিতে ভর্তিপ্রার্থী শিক্ষার্থী। এই ইআইএস-এর সঙ্গে সংযুক্ত ভবন সদ্ব্যবহার পরিকল্পনায় যেমন আরো বিশদভাবে বলা হয়েছে, স্কুলসমূহকে সহাবস্থানকারী স্কুলগুলোর আনুপাতিক ভর্তিসংখ্যার ভিত্তিতে স্থান বরাদ্দ করা হয়। তাই, কে২১৮-তে স্কুল ফর ক্লাসিকস-এর অনুকূলে বরাদ্দকৃত স্থান "ওটিসি" শিক্ষার্থীসহ এর অনুমিত ভর্তিসংখ্যার জন্য স্থান সঙ্কুলান করবে।

B. স্কুলসমূহ

ইনভিক্টাস প্রেপ হবে ডিস্ট্রিক্ট ১৯ এর সকল বাসিন্দার জন্য উন্মুক্ত একটি নতুন পাবলিক স্কুল। কে২১৮ ভবনে ইনভিক্টাস প্রেপ-এর প্রস্তাবিত সহাবস্থান-এর উদ্দেশ্য হল ডিস্ট্রিক্ট ১৯-এ পরিবারসমূহের জন্য আরেকটি মিডল স্কুল প্রদান করা।

২০১০-২০১১ বর্ষে কে২১৮ ভবনটি ৮৩৭ জন শিক্ষার্থী ভর্তি করে, যখন এটির ধারণক্ষমতা ছিল ১,৪০৫ জন শিক্ষার্থী, যার ফলে অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়ায় ৬০% -এ। ইনভিক্টাস প্রেপ ২০১১-২০১২ বর্ষে কে২১৮ ভবনে এর পর্যায়ক্রমিক অধিষ্ঠান শুরু করবে। ২০১৪-২০১৫ বর্ষে যখন ইনভিক্টাস প্রেপ এটির ক্রমিক আরোহণ সম্পন্ন করবে, তখন এটি জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর দ্য ক্লাসিকস এর সঙ্গে সম্মিলিতভাবে আনুমানিক ১,৩২৬-১,৪০৬ জন শিক্ষার্থী ভর্তি করবে বলে প্রাক্কলন করা যায়। ঐ সময়ে কে২১৮-এর অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়াবে ১০০%-এ। জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ-এর পাঁচ বছর মেয়াদী প্রাক্কলিত ভর্তির হার নিম্নোক্ত ছকে দেওয়া হল:

জে.এইচ.এস ২১৮-এর ৫ বছর মেয়াদী প্রাক্কলিত ভর্তি:

	গ্রেড ৬	গ্রেড ৭	গ্রেড ৮	অনুমিত ভর্তিসংখ্যা
২০১০-২০১১[19]	১৮০	২০৩	২১৬	৫৯৯
২০১১-১২[20]	১৭৫-১৮৫	১৯০-২০০	২১০-২২০	৫৭৫-৬০৫
২০১২-১৩	১৭৫-১৮৫	১৯০-২০০	২১০-২২০	৫৭৫-৬০৫
২০১৩-১৪	১৭৫-১৮৫	১৯০-২০০	২১০-২২০	৫৭৫-৬০৫
২০১৪-১৫	১৭৫-১৮৫	১৯০-২০০	২১০-২২০	৫৭৫-৬০৫

স্কুল ফর ক্লাসিকস-এর ৫ বছর মেয়াদী প্রাক্কলিত ভর্তি:

	গ্রেড ৯	গ্রেড ১০	গ্রেড ১১	গ্রেড ১২	মোট অনুমিত ভর্তিসংখ্যা
২০১০-২০১১[21]	৯৩	৯৮	৪৭	-	২৩৮
২০১১-১২[22]	৩০০-৩৫০				
২০১২-১৩	৪০০-৪৫০				
২০১৩-১৪	৪০০-৪৫০				
২০১৪-১৫	৪০০-৪৫০				

ইনভিক্টাস প্রেপ-এর ৫ বছর মেয়াদী প্রাক্কলিত ভর্তি:

	গ্রেড ৫	গ্রেড ৬	গ্রেড ৭	গ্রেড ৮	মোট অনুমিত ভর্তিসংখ্যা
২০১০-১১	-	-	-	-	-
২০১১-১২	৯০	-	-	-	৯০
২০১২-১৩	৯০	৯০	-	-	১৮০
২০১৩-১৪	৯০	৯০	৯০	-	২৭০
২০১৪-১৫	৯০	৯০	৯০	৮১	৩৫১

এই ইআইএস-এর সঙ্গে সংযুক্ত ভবন সদ্ব্যবহার পরিকল্পনায় যেমনটি আরো বিশদভাবে বর্ণনা করা হয়েছে, ইনভিক্টাস প্রেপ-এর পর্যায়ক্রমিক আবির্ভাব ঘটতে থাকাকালে সিটিব্যাপী ইন্সট্রাকশনাল ফুটপ্রিন্ট বা পাঠদানগত পদচিহ্ন ("ফুটপ্রিন্ট") অনুযায়ী জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং ইনভিক্টাস প্রেপ-এর স্থান সঙ্কুলানের জন্য পর্যাপ্ত জায়গা থাকবে। সিটি স্কুলসমূহে স্থান বরাদ্দ ও ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রদানকারী ফুটপ্রিন্টটি পেতে হলে অনুগ্রহ করে ডিওই'র ওয়েবসাইটটি পরিদর্শন করুন: http://schools.nyc.gov/NR/rdonlyres/8CF30F41-DE25-4C30-92DE-731949919FC3/87633/NYCDOE_Instructional_Footprint_Final9210TNT.pdf.

বর্তমানে জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর ক্লাসিকস তাদের ন্যূনতম বরাদ্দের ঊর্ধ্বে ভবনটির কিছু সংখ্যক অতিরিক্ত কক্ষ ব্যবহার করছে, তবে ইনভিক্টাস প্রেপ ভবনটিতে অধিষ্ঠিত হতে থাকলে জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর ক্লাসিকস'কে তাদের নিজ নিজ ন্যূনতম স্থান বরাদ্দের কাছাকাছি থেকে কার্যক্রম পরিচালনা করতে হবে। ডিওই পূর্বানুমান করছে না যে শ্রেণিকক্ষের জায়গা হ্রাস পাওয়ার ফলে জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর ক্লাসিকস-এর সকল শিক্ষার্থীর চাহিদা পূরণে তাদের সক্ষমতা প্রভাবিত হবে।

[19] ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার।
[20] সার্বিক প্রাক্কলন ২০১১-২০১২ এর বাজেট রেজিস্টার প্রাক্কলনের সঙ্গে সঙ্গতিপূর্ণ।
[21] ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার।
[22] সার্বিক প্রাক্কলন ২০১১-২০১২ এর বাজেট রেজিস্টার প্রাক্কলনের সঙ্গে সঙ্গতিপূর্ণ।

ভবিষ্যতে যদি জে.এইচ.এস ২১৮-তে বর্তমান অনুমিতির চেয়ে অধিক চাহিদার কারণে অথবা জোনভুক্ত অঞ্চলে বসবাসরত পরিবারের সংখ্যা বৃদ্ধি পাওয়ার ফলে শিক্ষার্থী ভর্তিসংখ্যা বৃদ্ধি পায়, সেক্ষেত্রে ভৌগলিকভাবে কে২১৮-এর নিকটবর্তী অন্য কোন অবস্থানে ইনভিক্টাস প্রেপ'কে স্থানান্তরিত করার ক্ষমতা চ্যান্সেলর সংরক্ষণ করেন। চ্যান্সেলর এই মর্মে লিখিতভাবে প্রত্যায়ন করবেন যে তার মতে স্কুল ব্যবস্থার চাহিদার কারণে ডিওই'র ব্যবহারের জন্য চার্টারের স্কুলের জায়গা পুনঃঅধিগ্রহণ প্রয়োজন।

ফুটপ্রিন্ট স্কুলসমূহের জন্য তাদের পরিষেবাধীন গ্রেড-স্তর এবং প্রতি গ্রেডে ক্লাসের সংখ্যার ভিত্তিতে বরাদ্দযোগ্য কক্ষের ন্যূনতম সংখ্যা নির্ধারণ করে দেয়। বিদ্যমান স্কুলসমূহের জন্য ফুটপ্রিন্ট প্রয়োগ করা হয় কোন স্কুলের পরিকল্পিত বর্তমান ক্লাসের সংখ্যা এবং ক্লাসের আকারের ক্ষেত্রে, এবং বারা ডিরেক্টর অব স্পেস প্ল্যানিং (Borough Director of Space Planning) এবং স্কুলের প্রিন্সিপ্যাল কর্তৃক ভবনটির সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে তা সুনিশ্চিত করা হয়। কিন্ডারগার্টেন হতে পঞ্চম গ্রেড পর্যন্ত পরিষেবা প্রদানকারী (এবং সকল প্রি-কিন্ডারগার্টেন কর্মসূচিসহ) প্রাথমিক স্কুলসমূহের ক্ষেত্রে ফুটপ্রিন্টে ধরে নেওয়া হয় যে ক্লাসগুলো self-contained বা স্ব-নিয়ন্ত্রিত ("এসসি")। অতএব, ফুটপ্রিন্ট প্রতিটি সাধারণ শিক্ষা অথবা Collaborative Team Teaching বা সহযোগিতামূলক দলগত শিক্ষকতা ("সিটিটি") সেকশনের জন্য একটি পূর্ণমাপের কক্ষ বরাদ্দ করে এবং স্কুলের পরিষেবাধীন প্রতিটি স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষা সেকশনে স্থান সঙ্কুলানের জন্য একটি করে পূর্ণমাপের বা অর্ধমাপের শ্রেণিকক্ষ বরাদ্দ করে। এ সকল কক্ষ ছাড়াও, কে-৫ গ্রেডসমূহে পরিষেবা প্রদানকারী স্কুলগুলো গুচ্ছ অথবা বিশেষ ব্যবহারের শ্রেণিকক্ষ বরাদ্দ পেয়ে থাকে, যা তাদের ভর্তিকৃত শিক্ষার্থী সংখ্যার সমানুপাতিক। প্রিন্সিপ্যালের ক্ষমতাবলে এ সকল শ্রেণিকক্ষ শিল্পকলা এবং/অথবা সঙ্গীত বিষয়ে পাঠদান, বা অন্যান্য উদ্দেশ্যে ব্যবহৃত হতে পারে।

৬-১২ গ্রেডসমূহের ক্ষেত্রে ফুটপ্রিন্টে ধরে নেওয়া হয় যে শিক্ষার্থীরা এক ক্লাস থেকে আরেক ক্লাসে আসা-যাওয়া করে এবং সেকারণে ক্লাসরুম বা শ্রেণিকক্ষগুলোকে সর্বোচ্চ দক্ষতার সঙ্গে ব্যবহারের পরিকল্পনা করা উচিত। ফুটপ্রিন্ট স্কুলের পরিষেবাধীন প্রতিটি সাধারণ শিক্ষা বা সিটিটি সেকশনের জন্য একটি করে পূর্ণমাপের ক্লাসরুম বরাদ্দ করে থাকে এবং স্কুলের পরিষেবাধীন প্রতিটি স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষা সেকশনে স্থান সঙ্কুলানের জন্য একটি করে পূর্ণমাপের বা অর্ধমাপের শ্রেণিকক্ষ বরাদ্দ করে থাকে। ফুটপ্রিন্ট অনুসারে এটি আবশ্যক নয় যে প্রত্যেক শিক্ষকের জন্য নিজস্ব সুনির্দিষ্ট ক্লাসরুম থাকতে হবে। এতে প্রিন্সিপ্যালগণের প্রতি তাদের স্কুলটিকে দক্ষতার সঙ্গে ব্যবহারের পরিকল্পনা প্রণয়নের জন্য অনুরোধ জানানো হয়েছে, যেন ক্লাসরুমগুলোকে সমগ্র স্কুল-দিবসব্যাপী একাধিক উদ্দেশ্যে কাজে লাগানো যায়।

এই ইআইএস-এর সঙ্গে সংযুক্ত ভবন সদ্ব্যবহার পরিকল্পনা'তে আরো বিশদভাবে আলোচিত হয়েছে, এই প্রস্তাবের বাস্তবায়ন চলাকালে কে২১৮ ভবনে জে.এইচ.এস ২১৮, স্কুল ফর ক্লাসিকস এবং পর্যায়ক্রমিকভাবে আরোহণরত ইনভিক্টাস প্রেপ-এর পাঠদানের জন্য পর্যাপ্ত জায়গা থাকবে। স্কুলসমূহ সহাবস্থান করে এরূপ অন্যান্য পরিস্থিতির ন্যায় এই স্কুলগুলোকেও ভবনটির বৃহ সাধারণ ও বিশেষ ব্যবহারের স্থান যৌথভাবে ব্যবহার করতে হবে, যেমন ক্যাফেটেরিয়া, বহিঃক্রীড়াঙ্গন, ড্যান্স স্টুডিও, অডিটোরিয়াম, জিমনেশিয়াম এবং লাইব্রেরি। যৌথ স্থান ব্যবহারের সময় বরাদ্দ সংক্রান্ত সুনির্দিষ্ট সিদ্ধান্ত গৃহীত হবে বিল্ডিং কাউন্সিল কর্তৃক, যা গঠিত হবে সহাবস্থানকারী সকল স্কুলের প্রিন্সিপ্যালগণের সমন্বয়ে, আর এটি করা হবে ডিওই অফিস অব স্পেস প্ল্যানিং (DOE Office of Space Planning)-এর সহযোগিতাক্রমে। যৌথ স্থান সংক্রান্ত কমিটি বছরে কমপক্ষে চারবার মিলিত হবে এবং যৌথ স্থান সংক্রান্ত প্রশ্নাবলীর ব্যাপারে বিল্ডিং কাউন্সিলের নিকট প্রতিবেদন পেশ করবে। অবরাদ্দকৃত যে কোন স্থান স্কুলসমূহের মাঝে তাদের শিক্ষার্থী সংখ্যার সমানুপাতিক হারে এবং বাড়তি স্থানটির অবস্থান বিবেচনাক্রমে বন্টন করা হবে।

সংযুক্ত বিইউপি'তে যেরূপ বর্ণিত হয়েছে, প্রস্তাবিত যৌথ স্থান পরিকল্পনায় দেখানো হয়েছে কিভাবে ভবনের সকল যৌথ স্থান ভবনটিতে সহাবস্থানকারী স্কুলগুলোর মধ্যে ন্যায়সঙ্গতভাবে বন্টিত হতে পারে। ভবনের যৌথ স্থান কিভাবে ব্যবহৃত হবে সে ব্যাপারে ডিওই প্রস্তাব রাখলেও বিল্ডিং কাউন্সিল এই প্রস্তাবিত যৌথ স্থান পরিকল্পনা হতে বিচ্যুত হতে পারবে, যাতে প্রত্যেক স্কুলের মধ্যে সকল বিশেষ জনগোষ্ঠী বা গ্রুপের সুনির্দিষ্ট কর্মসূচিগত চাহিদা বাস্তবসম্মত ও ন্যায়সঙ্গতভাবে পূরণ করা যায়, শর্ত হচ্ছে যে এক্ষেত্রে বিল্ডিং কাউন্সিলকে সকল পক্ষের সঙ্গে সহযোগিতামূলকভাবে চূড়ান্ত যৌথ স্থান পরিকল্পনার ব্যাপারে চুক্তিতে উপনীত হতে হবে। (জ্ঞাতব্য: ভর্তিসংখ্যাগত অথবা কর্মসূচিগত চাহিদার যে কোন পরিবর্তনের প্রেক্ষিতে বিল্ডিং কাউন্সিল বার্ষিক ভিত্তিতে এই যৌথ স্থান ব্যবহার পরিকল্পনা এবং এর তালিকা পুনর্বিবেচনা করবে। দ্বন্দ্ব দেখা দিলে এবং অগ্রগতি বাধাগ্রস্ত হলে বিল্ডিং কাউন্সিল পরবর্তীতে দেওয়া ক্যাম্পাস পলিসি মেমো-তে বর্ণিত বিরোধ নিরসন পদ্ধতি অনুসরণ করবে।) প্যানেল ফর এডুকেশন পলিসি প্রস্তাবিত সহাবস্থান অনুমোদন করার পর বিল্ডিং কাউন্সিল কর্তৃক যৌথভাবে চূড়ান্ত যৌথ স্থানের তালিকা তৈরি করা হবে।

১৯৯৮ সালের নিউ ইয়র্ক স্টেট চার্টার স্কুলস অ্যাক্ট (যেরূপে সংশোধিত) অনুসারে, কোন পাবলিক স্কুল ভবনে কোন চার্টার স্কুলকে সহ-অধিষ্ঠিত করার লক্ষ্যে প্রস্তাবিত যে কোন সম্পদ উন্নয়ন বা ফ্যাসিলিটি হালনাগাদকরণ বাবদ ব্যয় যদি আয়ের উ স নির্বিশেষে পাঁচ হাজার ডলারের ঊর্ধ্বে হয়, তাহলে তা অবশ্যই চ্যান্সেলর বা তার নির্বাচিত প্রতিনিধি কর্তৃক লিখিতভাবে অনুমোদিত হতে হবে। চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত এরূপ যে কোন উন্নয়ন বা হালনাগাদকরণের ক্ষেত্রে সেই সম্পদ উন্নয়ন বা ফ্যাসিলিটি হালনাগাদকরণ ঐ পাবলিক স্কুল ভবনের প্রত্যেক নন-চার্টার স্কুলের জন্য চার্টার স্কুলটির ব্যয়ের সমপরিমাণ অর্থে হতে হবে।

C. কমিউনিটি

ডিওই পিতামাতাদের পছন্দকে সমর্থন করে এবং এটি নিশ্চিত করার জোর প্রচেষ্টা চালায় যেন সকল পরিবার তাদের সন্তানদের চাহিদা পূরণে বিচিত্র স্কুলসমূহে সুযোগ পেতে পারে। ইনভিক্টাস প্রেপ-এর প্রস্তাবিত সহাবস্থানের উদ্দেশ্য হচ্ছে ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থীদের জন্য একটি অতিরিক্ত মিডল স্কুলের বিকল্প প্রদান করার মাধ্যমে এ সকল লক্ষ্য পূরণ করা।

২০০৯-২০১০ বর্ষে কে২১৮ ভবনটির সদ্ব্যবহারের হার ছিল ৫৭%। ভবনটির ধারণক্ষমতা হচ্ছে ১,৪০৫ জন শিক্ষার্থী। ২০১০-২০১১ বর্ষে জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর দ্য ক্লাসিকস কে২১৮ ভবনে সম্মিলিতভাবে সর্বমোট ৮৩৭ জন শিক্ষার্থী ভর্তি করে, যার ফলে অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়ায় ৬০% -এ। ২০১১-২০১২ বর্ষে কে২৭১ আনুমানিক ৯৬৫-১,০৪৫ জন শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে, যার ফলে অনুমিত সদ্ব্যবহারের হার দাঁড়াবে ৭৪%।

২০১৪-২০১৫ বর্ষ নাগাদ স্কুল ফর ক্লাসিকস যখন এর পূর্ণ মাত্রা অর্জন করবে এবং ইনভিক্টাস প্রেপ এটির পূর্ণাঙ্গ কার্যক্রমের প্রস্তুতি সম্পন্ন করবে, ডিওই পূর্বানুমান করছে যে তখন ভবনটির সদ্ব্যবহারের হার দাঁড়াবে ১০০%-এ। এর অর্থ হলো ২০১৪-২০১৫ বর্ষ নাগাদ কে২১৮ ভবনটি ২০০৯-২০১০ বর্ষের তুলনায় অধিক শিক্ষার্থী ভর্তি করবে এবং এর স্থানসমূহ অধিক দক্ষতার সঙ্গে ব্যবহৃত হবে। ডিওই ২০১৫-২০১৬ স্কুল-বর্ষ ও তার পরবর্তী সময়ের জন্য ইনভিক্টাস-এর দীর্ঘমেয়াদী অবস্থানের লক্ষ্যে একটি নতুন শিক্ষাগত প্রভাব বিবরণী বা ইআইএস জারি করবে।

ওটিসি শিক্ষার্থী সহকারে জে.এইচ.এস ২১৮-এর জোনভুক্ত সকল শিক্ষার্থী স্কুলটিতে একটি আসন লাভের যোগ্য থাকবে। এই প্রস্তাবের ফলে জে.এইচ.এস ২১৮ অথবা স্কুল ফর ক্লাসিকস, এই দুটি স্কুলের কোনটিরই ভর্তি নীতিমালায় পরিবর্তন ঘটবে না। উপরে যেরূপ বিবৃত হয়েছে, ইনভিক্টাস প্রেপ এর লটারিতে ডিস্ট্রিক্ট-১৯ এর শিক্ষার্থীদের জন্য অগ্রাধিকার প্রদান করবে। যেমনটি পূর্বে আলোচিত হয়েছে, ডিস্ট্রিক্ট ১৯-এর শিক্ষার্থীরা অ্যাচিভমেন্ট ফার্স্ট অ্যাপোলো এলিমেন্টারি স্কুল, অ্যাচিভমেন্ট ফার্স্ট ঈস্ট নিউ ইয়র্ক চার্টার স্কুল, ব্রুকলিন স্কলারস চার্টার স্কুল, হাইড চার্টার স্কুল টু, ইম্যাজিন মী চার্টার স্কুল, এবং দ্য ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স চার্টার স্কুলেও আবেদন করতে পারবে। এ সকল চার্টার স্কুল পূর্ণ মাত্রায় সম্প্রসারিত হলে তারা ডিস্ট্রিক্ট ১৯-এ চার্টার এলিমেন্টারি, মিডল এবং হাই স্কুলের আসন সংখ্যা বৃদ্ধি করবে। চার্টার স্কুলসমূহ সম্পর্কিত বিস্তারিত তথ্য প্রতি বছর প্রকাশও করা হবে এবং তা পাওয়া যাবে মুদ্রিত আকারে অথবা ডিওই ওয়েবসাইটে এই ঠিকানায়:
http://schools.nyc.gov/community/planning/charters/For+Parents.

এই প্রস্তাবটি ছাড়াও, ডিওই ডিস্ট্রিক্ট ১৯-এ অন্যান্য মিডল এবং হাই স্কুলেরও পর্যায়ক্রমিক আবির্ভাব ঘটাচ্ছে। স্কুল ফর ক্লাসিকস ছাড়া, নিম্নোক্ত ডিস্ট্রিক্ট ১৯ স্কুলগুলো বর্তমানে পর্যায়ক্রমে আবির্ভূত হচ্ছে:

স্কুলের নাম (ডিবিএন)	ঠিকানা	বর্তমান পরিবেষণীয় গ্রেডসমূহ	পূর্ণমাত্রায় পরিবেষণীয় গ্রেডসমূহ	বর্তমান ভর্তিসংখ্যা ২০১০-২০১১[23]	ভর্তির মানদণ্ড	পাঠক্রম-বহির্ভূত কর্মকাণ্ড
অ্যাকাডেমি অব ইনোভেটিভ টেকনোলজি (১৯কে৬১৮)	999 Jamaica Avenue	৯-১১	৯-১২	২৯৭	সিটিব্যাপী হাই স্কুল ভর্তি প্রক্রিয়া	লীডারশিপ গ্রুপ কমিউনিটি সার্ভিস, স্টুডেন্ট লীডারশিপ কাউন্সিল, সহপাঠী মধ্যস্থতা, মাউস স্কোয়াড, ইউথ অ্যাম্বাসেডরস প্রোগ্রাম, জুনিয়র অ্যাচীভমেন্ট, এ প্লাস কম্পিউটার রিপেয়ার প্রোগ্রাম, সহপাঠী অনুশিক্ষণ, কম্পিউটার লিটারেসি ফর ফ্যামিলিস, ডিজিটাল ফিল্ম মেকিং, ওপেন অ্যাক্ট, ফিল্ম, দাবা, রোবোটিক্স, স্টেপিং, স্পোকেন ওয়ার্ড, সঙ্গীত
ব্রুকলিন ল্যাব স্কুল (১৯কে৬৩৯)	999 Jamaica Avenue	৯-১১	৯-১২	৩০৮	সিটিব্যাপী হাই স্কুল ভর্তি প্রক্রিয়া	শিক্ষার্থী সরকার, স্কুল নেতৃত্ব দল, ন্যাশনাল স্টাফ ডেভেলপারস কাউন্সিল, বর্ষিত দিবস এবং শনিবারের অ্যাকাডেমি, গবেষণা, আর্ট ক্লাব, নৃত্য, কারুশিল্প, কমিউনিটি নকশা/তৈরি, প্রজেক্ট চিল (স্নোবোর্ডিং), ভিডিও এবং অডিও, দলগত ক্রীড়া, ফিটনেস, দাবা
ঈস্ট নিউ ইয়র্ক মিডল স্কুল অব এক্সেলেন্স (১৯কে৬৭৮)	605 Shepherd Avenue	৬-৭	৬-৮	১৪৬	সীমিত অবাছাই	বিগ ব্রাদার্স বিগ সিস্টার্স কর্মসূচি, রেনজুলি'স স্কুলওয়াইড এনরিচমেন্ট মডেল
অ্যাকাডেমি ফর হেলথ ক্যারিয়ারস (১৯কে৭৫১)	355 Park Place	৯	৯-১২	৮১	সিটিব্যাপী হাই স্কুল ভর্তি প্রক্রিয়া	শিক্ষার্থী সরকার, সহপাঠী মধ্যস্থতা, স্কুল ছুটি-পরবর্তী অনুশিক্ষণ, হোমওয়ার্ক সেন্টার, সংবাদপত্র, নাটক, নৃত্য, দাবা

পি.এস./আই.এস ৭২ অ্যানেট গোল্ডম্যান (১৯কে০৭২) বর্তমানে এর ক্রমিক অবলুপ্তির শেষ বর্ষে রয়েছে, এবং স্থায়ীভাবে একটি নতুন জোনভুক্ত এলিমেন্টারি স্কুল, ঈস্ট নিউ ইয়র্ক এলিমেন্টারি স্কুল অব এক্সেলেন্স (১৯কে৬৭৭) এবং একটি নতুন মিডল স্কুল, ঈস্ট নিউ ইয়র্ক মিডল স্কুল অব এক্সেলেন্স (১৯কে৬৭৮) এখানে স্থায়ীভাবে অবস্থান করছে।

ভবন কে২১৮ ব্যবহারের অনুমতি সংগ্রহের জন্য কমিউনিটি সদস্যগণ এবং সংগঠনসমূহের ক্ষমতা এই প্রস্তাবটি দ্বারা প্রভাবিত হবে না বলেই প্রত্যাশিত। এই প্রস্তাবটি দ্বারা কে২১৮ ভবনের অভিগম্যতা প্রভাবিত হবে না বলেই প্রত্যাশিত।

[23] ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার।

IV. এনরোলমেন্ট, ভর্তি এবং স্কুলের কর্মসম্পাদন সংক্রান্ত তথ্যাদি

জে.এইচ.এস ২১৮

ভর্তি সংক্রান্ত তথ্য

বর্তমান ভর্তি	**গ্রেড ৬-৮:** জোনভুক্ত; প্রাতিষ্ঠানিক বাছাই ডিস্ট্রিক্ট ১৯ মিডল স্কুল বাছাই প্রক্রিয়া

এনরোলমেন্ট সংক্রান্ত তথ্য

বর্তমান পরিষেবাধীন গ্রেডসমূহ	৬—৮
বর্তমান প্রকৃত ২০১০-২০১১ ভর্তিসংখ্যা:[24]	৫৯৯
২০১১-২০১২ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৬-৮
২০১১-২০১২ প্রাক্কলিত ভর্তিসংখ্যা[25]	৫৭৫-৬০৫
২০১২-২০১৩ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৬-৮
২০১২-২০১৩ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৫৭৫-৬০৫
২০১৩-২০১৪ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৬-৮
২০১৩-২০১৪ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৫৭৫-৬০৫
২০১৪-২০১৫ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৬-৮
২০১৪-২০১৫ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৫৭৫-৬০৫

জনমিতিক উপাত্ত

সিটিটি বা এসসি পরিষেবা লাভকারী শিক্ষার্থীদের শতকরা হার[26]	১৪%
ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা সম্বলিত শিক্ষার্থীদের শতকরা হার[27]	১৯%
ইংরেজি ভাষা শিক্ষার্থীদের শতকরা হার[28]	১২%
বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে লাঞ্চ প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের শতকরা হার[29]	৯১%

[24] উ□স: ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার

[25] সার্বিক প্রাক্কলন ২০১১-২০১২ এর বাজেট রেজিস্টার প্রাক্কলনের সঙ্গে সঙ্গতিপূর্ণ।

[26] সিটিটি এবং এসসি পরিষেবা গ্রহণরত শিক্ষার্থীদের হারটি ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার হতে গৃহীত মোট শিক্ষার্থীর শতকরা হার।

[27] ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা সম্বলিত শিক্ষার্থীদের হারটি ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার হতে গৃহীত মোট শিক্ষার্থীর শতকরা হার।

[28] ইংরেজি ভাষা শিক্ষার্থীদের হারটি ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার হতে গৃহীত মোট শিক্ষার্থীর শতকরা হার।

[29] স্কুল বরাদ্দ স্মারক নম্বর ৯, আর্থিক বছর ১১, জুন ৩০, ২০১০ হতে গৃহীত বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে লাঞ্চ প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের শতকরা হার।

স্কুলের কর্মসম্পাদন সংক্রান্ত তথ্য

জে.এইচ.এস ২১৮ জেমস পি. সিনট	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০[30]
স্কুলের সাফল্য ও অগ্রগতি			
সার্বিক প্রগ্রেস রিপোর্ট গ্রেড	বি	এ	বি
মান পর্যালোচনা স্কোর	প্রফিশিয়েন্ট	-	-[31]
কার্যসম্পাদনের তথ্য[32]			
ইংরেজি ভাষা শৈলী % প্রফিশিয়েন্ট (লেভেল ৩ ও ৪)	৪০%	৫৪%	২৭%
গণিত % প্রফিশিয়েন্ট (লেভেল ৩ ও ৪)	৬০%	৭৩%	৪৫%
কর্মসম্পাদনের অন্যান্য উল্লেখযোগ্য নির্দেশক[33]			
উপস্থিতির হার	৮৮%	৮৮%	৯০%
২০১০-২০১১ স্টেট অ্যাকাউন্টিবিলিটি স্ট্যাটাস	উত্তম অবস্থানসম্পন্ন		

দ্য স্কুল ফর ক্লাসিকস

ভর্তি সংক্রান্ত তথ্য

বর্তমান ভর্তি	**গ্রেড ৯-১১:** সিটিব্যাপী হাই স্কুল ভর্তি প্রক্রিয়া

এনরোলমেন্ট সংক্রান্ত তথ্য

বর্তমান পরিষেবাধীন গ্রেডসমূহ	৯—১১
বর্তমান প্রকৃত ২০১০-২০১১ ভর্তিসংখ্যা:	২৩৮
পূর্ণমাত্রায় পরিষেবাধীন গ্রেডসমূহ	৯-১২
প্রাক্কলিত ২০১১-২০১২ ভর্তিসংখ্যা[34]	৩০০-৩৫০
২০১২-২০১৩ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৯-১২
২০১২-২০১৩ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৪০০-৪৫০
২০১৩-২০১৪ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৯-১২
২০১৩-২০১৪ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৪০০-৪৫০
২০১৪-২০১৫ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৯-১২
২০১৪-২০১৫ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৪০০-৪৫০

[30] ২০১০-এ নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট বার্ষিক গণিত ও ইংরেজি ভাষা শৈলী পরীক্ষাসমূহে "কর্তিত স্কোর"-সমূহ সমন্বয় করেছিল, যার ফলে পরীক্ষায় শিক্ষার্থীদের স্কোর লেভেল ৩ (গ্রেড-স্তর ব্যুপত্তি) বা তার চেয়েও বেশি অর্জনের মত বৃদ্ধি পায়। এর পরিণতিস্বরূপ, নিউ ইয়র্ক সিটি স্কুলগুলো সহ স্টেটব্যাপী স্কুলসমূহে গ্রেড স্তরে নৈপুণ্য প্রদর্শনকারী শিক্ষার্থীদের শতকরা হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পায় । ব্যুপত্তি অর্জনকারী শিক্ষার্থীদের শতকরা হার কমলেও পরীক্ষাগুলোতে নিউ ইয়র্ক সিটি'র শিক্ষার্থীদের গড় মান পূর্ববর্তী বছরের তুলনায় অনেকটাই অপরিবর্তিত থাকে।

[31] সকল স্কুল প্রতি বছর প্রগ্রেস রিপোর্ট লাভ করে না।

[32] উ□স: প্রগ্রেস রিপোর্ট

[33] উ□স: প্রগ্রেস রিপোর্ট

[34] সার্বিক প্রাক্কলন ২০১১-২০১২ এর বাজেট রেজিস্টার প্রাক্কলনের সঙ্গে সঙ্গতিপূর্ণ।

জনমিতিক উপাত্ত

সিটিটি বা এসসি পরিষেবা লাভকারী শিক্ষার্থীদের শতকরা হার[35]	১২%
ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা সম্বলিত শিক্ষার্থীদের শতকরা হার[36]	১৭%
ইংরেজি ভাষা শিক্ষার্থীদের শতকরা হার[37]	১০%
বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে লাঞ্চ প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের শতকরা হার[38]	৯৩%

স্কুলের কর্মসম্পাদন সংক্রান্ত তথ্য

দ্য স্কুল অর ক্লাসিকস: অ্যান অ্যাকাডেমি অব থিংকারস, রাইটারস অ্যান্ড পারফরমারস	২০০৭-২০০৮	২০০৮-২০০৯	২০০৯-২০১০
স্কুলের সাফল্য ও অগ্রগতি			
সার্বিক প্রগ্রেস রিপোর্ট গ্রেড	স্কুল ফর ক্লাসিকস চালু হয় ২০০৯ সালে, এবং এটি প্রগ্রেস রিপোর্ট লাভ করেনি।		
মান পর্যালোচনা স্কোর	স্কুল ফর ক্লাসিকস চালু হয় ২০০৯ সালে, এবং এটি মান পর্যালোচনা লাভ করেনি।		
গ্র্যাজুয়েশন সংক্রান্ত তথ্য			
চার বছরের গ্র্যাজুয়েশন হার	স্কুল ফর ক্লাসিকস ২০১১-২০১২ বর্ষে দ্বাদশ গ্রেডে পরিষেবা দিতে সম্প্রসারিত হবে। কাজেই কোন গ্র্যাজুয়েশন হার পাওয়া যায়নি।		
চার বছরের রিজেন্টস ডিপ্লোমা হার			
ছয় বছরের গ্র্যাজুয়েশন হার			
অন্যান্য উল্লেখযোগ্য নির্দেশক[39]			
১০+ ক্রেডিট অর্জনকারী প্রথম-বর্ষের শিক্ষার্থীদের শতকরা হার	স্কুল ফর ক্লাসিকস চালু হয় ২০০৯ সালে, তাই এই উপাত্তটি পাওয়া যায়নি।		৯৬%
উপস্থিতির হার			৮৯%
২০১০-২০১১ স্টেট অ্যাকাউন্টিবিলিটি স্ট্যাটাস	অপেক্ষমান		

[35] সিটিটি এবং এসসি পরিষেবা গ্রহণরত শিক্ষার্থীদের হারটি ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার হতে গৃহীত মোট শিক্ষার্থীর শতকরা হার।
[36] ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা সম্বলিত শিক্ষার্থীদের হারটি ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার হতে গৃহীত মোট শিক্ষার্থীর শতকরা হার।
[37] ইংরেজি ভাষা শিক্ষার্থীদের হারটি ২০১০-২০১১ নিরীক্ষিত রেজিস্টার হতে গৃহীত মোট শিক্ষার্থীর শতকরা হার।
[38] স্কুল বরাদ্দ স্মারক নম্বর ৯, আর্থিক বছর ১১, জুন ৩০, ২০১০ হতে গৃহীত বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে লাঞ্চ প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের শতকরা হার।
[39] উ□স: প্রগ্রেস রিপোর্ট

ইনভিক্টাস প্রেপ

ভর্তি সংক্রান্ত তথ্য

প্রাক্কলিত ভর্তি	**গ্রেড ৫:** লটারি

এনরোলমেন্ট সংক্রান্ত তথ্য

২০১১-২০১২ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৫
২০১১-২০১২ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৯০
২০১২-২০১৩ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৫-৬
২০১২-২০১৩ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	১৮০
২০১৩-২০১৪ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৫-৭
২০১৩-২০১৪ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	২৭০
২০১৪-২০১৫ প্রাক্কলিত পরিষেবাধীন গ্রেডসমূহ	৫-৮
২০১৪-২০১৫ প্রাক্কলিত ভর্তিসংখ্যা	৩৫১

জনমিতিক উপাত্ত

ইনভিক্টাস প্রেপ এখন পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করে না। কাজেই স্কুলটির জন্য কোন জনমিতিক উপাত্ত নেই।

স্কুলের কর্মসম্পাদন সংক্রান্ত তথ্য

ইনভিক্টাস প্রেপ এখন পর্যন্ত শিক্ষার্থী ভর্তি করে না। কাজেই স্কুলটির কোন কর্মসম্পাদনের তথ্য নেই।

V. প্রারম্ভিক ব্যয় ও সঞ্চয়

১৯৯৮ সালের নিউ ইয়র্ক স্টেট চার্টার স্কুলস অ্যাক্ট (যেরূপে সংশোধিত) অনুসারে, কোন পাবলিক স্কুল ভবনে কোন চার্টার স্কুলকে সহ-অধিষ্ঠিত করার লক্ষ্যে প্রস্তাবিত যে কোন সম্পদ উন্নয়ন বা ফ্যাসিলিটি হালনাগাদকরণ বাবদ ব্যয় যদি আয়ের উ□স নির্বিশেষে পাঁচ হাজার ডলারের ঊর্ধ্বে হয়, তাহলে তা অবশ্যই চ্যান্সেলর বা তার নির্বাচিত প্রতিনিধি কর্তৃক লিখিতভাবে অনুমোদিত হতে হবে। চ্যান্সেলর কর্তৃক অনুমোদিত এরূপ যে কোন উন্নয়ন বা হালনাগাদকরণের ক্ষেত্রে সেই সম্পদ উন্নয়ন বা ফ্যাসিলিটি হালনাগাদকরণ ঐ পাবলিক স্কুল ভবনের প্রত্যেক নন-চার্টার স্কুলের জন্য চার্টার স্কুলটির ব্যয়ের সমপরিমাণ অর্থে হতে হবে।

VI. জনশক্তির চাহিদা, পাঠদানের ব্যয়, প্রশাসন, পরিবহণ এবং অন্যান্য সহায়তা পরিষেবার ওপর প্রভাব

A. জনশক্তির চাহিদা

এই সহাবস্থান জে.এইচ.এস ২১৮ অথবা স্কুল ফর ক্লাসিকস-এর জনশক্তির পদসংখ্যায় বা বর্তমান স্টাফদের দায়িত্বসমূহে কোন উল্লেখযোগ্য পরিবর্তন ঘটাবে না বলে প্রত্যাশিত।

স্কুল ফর ক্লাসিকস-এর পূর্ণাঙ্গ আবির্ভাবের পর স্কুলটিতে নতুন প্রশাসনিক স্টাফ এবং শিক্ষাদান-সংশ্লিষ্ট নয় এরূপ পদ তৈরি হবে। পূর্ণ মাত্রা অর্জনের পর স্কুল ফর ক্লাসিকস অতিরিক্ত শিক্ষক নিয়োগদান করবে বলে প্রত্যাশিত।

ইনভিক্টাস প্রেপ-এর পূর্ণাঙ্গ আবির্ভাবের পর স্কুলটিতে নতুন প্রশাসনিক স্টাফ এবং শিক্ষাদান-সংশ্লিষ্ট নয় এরূপ পদ তৈরি হবে। ২০১১-২০১২ স্কুল বর্ষের জন্য প্রয়োজনীয় পদের সুনির্দিষ্ট সংখ্যা নির্ধারিত হবে চার্টার স্কুল ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক। চাহিদা ও বাজেট বিবেচনাপূর্বক এ সকল সিদ্ধান্ত স্কুলটিতে গৃহীত হবে।

B. পাঠদানের ব্যয়

কে২১৮ ভবনে ইনভিক্টাস প্রেপ-এর সহাবস্থান জে.এইচ.এস ২১৮ অথবা স্কুল ফর ক্লাসিকস-এর পাঠদান ব্যয়ে কোন পরিবর্তন ঘটাবে না। এই প্রস্তাব জে.এইচ.এস ২১৮-এর পরিচালনা বাজেট অথবা পাঠদান ব্যয়ে প্রভাব ফেলবার কথা নয়। এ সকল স্কুলের মৌলিক পরিচালনা বাজেট অন্যান্য সকল নিউ ইয়র্ক সিটি ডিস্ট্রিক্ট পাবলিক স্কুলের মত একই ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং (এফএসএফ) সূত্র ব্যবহার করে নির্ধারণ করা হয়ে থাকে। এফএসএফ-এর আওতায়, স্কুলগুলো জনপ্রতি শিক্ষার্থীর জন্য সিটি কর ব্যবস্থা হতে তহবিল পেয়ে থাকে। প্রত্যেক শিক্ষার্থী তার গ্রেড স্তর অনুযায়ী একটি মাথাপিছু বরাদ্দ লাভ করে। এফএসএফ-এর বরাদ্দ বার্ষিক হ্রাস-বৃদ্ধি অনুযায়ী পরিবর্তিত হতে পারে, তবে ২০১০-২০১১ বর্ষের জন্য, প্রাথমিক স্কুলসমূহের ক্ষেত্রে শিক্ষার্থী-পিছু মূল বরাদ্দ ছিল $৪,০৫৯.৭১, মিডল স্কুলের জন্য এটি ছিল $৪,৩৮৪.৮১, এবং হাই স্কুলের জন্য $৪,১৮১.১১। এছাড়া, যে সকল শিক্ষার্থীর বাড়তি চাহিদা রয়েছে এবং এ কারণে শিক্ষাদানে অধিক ব্যয় হয়, এফএসএফ তাদের জন্য শিক্ষার্থী-পিছু সম্পূরক বরাদ্দ প্রদান করে থাকে। উদাহরণস্বরূপ, ২০১০-২০১১ স্কুল-বর্ষে প্রাথমিক স্কুলসমূহ তাদের ভর্তিকৃত প্রতিটি ইংরেজি ভাষা শিক্ষার্থীর জন্য শিক্ষার্থী-পিছু অতিরিক্ত $১,৬২৩.০০ লাভ করে; মিডল স্কুলসমূহ তাদের ভর্তিকৃত প্রতিটি ইংরেজি ভাষা শিক্ষার্থীর জন্য শিক্ষার্থী-পিছু অতিরিক্ত $২,০৩১.০০ লাভ করে; এবং হাই স্কুলসমূহ তাদের ভর্তিকৃত প্রতিটি ইংরেজি ভাষা শিক্ষার্থীর জন্য শিক্ষার্থী-পিছু অতিরিক্ত $২,০৩১.০০ লাভ করে। প্রাথমিক স্তর পর্যায়ে, সম্পূরক তহবিল বরাদ্দ করা হয় এরূপ প্রত্যেক শিক্ষার্থীর জন্য, যে একজন ইংরেজি ভাষা শিক্ষার্থী, যার বিশেষ শিক্ষা পরিষেবা প্রয়োজন, অথবা যে বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে লাঞ্চ প্রাপ্তির যোগ্য। মিডল ও হাই স্কুলসমূহে এই সম্পূরক বরাদ্দ প্রদান করা হয় ইংরেজি ভাষা শিক্ষার্থী, প্রতিবন্ধিত্বসম্পন্ন শিক্ষার্থী, এবং ভর্তির সময় গ্রেড স্তরের নিচে নৈপূণ্য প্রদর্শন করা শিক্ষার্থীদের জন্য। যদি শিক্ষার্থীরা এই শ্রেণিবিভাগসমূহের একাধিক ভাগে পড়ে যায়, সে ক্ষেত্রে স্কুলটি শিক্ষার্থীদের সকল চাহিদা মেটানোর জন্য তদানুসারে বরাদ্দ লাভ করে।

এফএসএফ-এর আওতায় পাঠদানের মৌলিক ব্যয় মেটানো হয় এবং স্কুলের নিজস্ব এখতিয়ারে এফএসএফ তহবিল স্টাফ নিয়োগ করতে, রসদ ও সামগ্রী ক্রয়ে, অথবা পাঠদান কর্মসূচি বাস্তবায়নে ব্যবহৃত হতে পারে। ভর্তিকৃত মোট শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধির সাথে সাথে সার্বিক বাজেট বরাদ্দও অনুরূপভাবে বৃদ্ধি পাবে, যা স্কুলটিকে এর বৃহত্তর সংখ্যক শিক্ষার্থীর জন্য শিক্ষাদান চাহিদা মেটাতে সাহায্য করবে। একইভাবে, যদি ভর্তিকৃত মোট শিক্ষার্থীর সংখ্যা কমে যায়, তাহলে বাজেটও আনুপাতিকভাবে সংকুচিত হয়, যেহেতু স্কুলটির স্বল্প সামগ্রী এবং উল্লেখযোগ্যভাবে ক্ষুদ্র স্টাফ দরকার হবে।

সিটিব্যাপী অন্যান্য সকল স্কুলের মতই, জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর ক্লাসিকস শিক্ষার্থীর বৈশিষ্ট্য ও চাহিদার ভিত্তিতে অতিরিক্ত "শ্রেণিবিভাগগত(categorical)" তহবিল পেতে পারে। উদাহরণস্বরূপ, ফেডারেল টাইটেল ওয়ান তহবিল স্কুলসমূহকে প্রদান করা হয় তাদের ভর্তিকৃত শিক্ষার্থীদের স্বল্প আয়ের অনুপাতের ভিত্তিতে। এই স্কুলগুলোর তিনটিই বর্তমানে টাইটেল ওয়ান তহবিল প্রাপ্তির যোগ্য। স্কুলসমূহ টাইটেল ওয়ান-এর মানদণ্ড অব্যাহতভাবে পূরণ করে যাবে বলে ধরে নেওয়া হলে, এগুলোর টাইটেল ওয়ান তহবিল সমন্বয় করা হবে যদি বা যখন স্কুলসমূহের শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি বা হ্রাস পায়।

ফেয়ার স্টুডেন্ট ফান্ডিং-এর মাধ্যমে বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের জন্য স্কুলসমূহ সম্পূরক সহায়তা লাভ করলেও তা কেবল সে সকল শিক্ষার্থীর সহায়তার জন্য প্রদান করা তহবিলের অংশবিশেষ। স্কুলসমূহকে বিশেষ শিক্ষার শিক্ষার্থীদের চাহিদা পূরণে তাদের ব্যক্তিগত শিক্ষা পরিকল্পনা (আইইপি) দ্বারা নির্ধারিত বাজেট বরাদ্দ করা হয়। জে.এইচ.এস ২১৮ এবং স্কুল ফর ক্লাসিকস তাদের সকল বিশেষ শিক্ষার শিক্ষার্থীর চাহিদা পূরণের লক্ষ্যে তাদের আইইপি অনুযায়ী অব্যাহতভাবে তহবিল পেতে থাকবে।

অনুগ্রহপূর্বক জেনে রাখুন যে এই প্রস্তাবের ফলে স্কুলটির জন্য বর্ধিত বা হ্রাসকৃত মাথাপিছু তহবিল বরাদ্দ দ্বারা নেট/বৃদ্ধিঘটিত পদ্ধতিগত ব্যয়কে বোঝায় না। সকল ডলারের পরিমাণ ২০১০ অর্থ-বছরের বরাদ্দের ওপর ভিত্তি করে উল্লেখ করা হয়েছে এবং ডিওই'র সার্বিক পরিচালনা বাজেট-এর সমন্বয়ের ভিত্তিতে তা বার্ষিকভাবে পরিবর্তিত হতে পারে।

সাধারণ শিক্ষা চার্টার স্কুল শিক্ষার্থী-পিছু বরাদ্দ নির্ণিত হয় নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (এনওয়াইএসইডি) কর্তৃক, এবং এটি সকল প্রথাগত পাবলিক স্কুল ডিস্ট্রিক্ট-এর জন্য ব্যবহৃত সূত্রের ওপর ভিত্তি করে নির্ণিত। এই সূত্রে Approved Operating Expenditures বা অনুমোদিত পরিচালনা ব্যয় (এওই)-কে Total Allowable Pupil Units বা মোট অনুমোদনযোগ্য শিক্ষার্থী ইউনিট (টিএপিইউ) দ্বারা ভাগ করা হয়। বিশেষ শিক্ষার তহবিল হচ্ছে এমন একটি বরাদ্দ যার জন্য চার্টার স্কুলসমূহ যোগ্য হতে পারে এবং পেতে পারে সেসব শিক্ষার্থীকে পরিষেবা দিতে যারা তাদের আইইপি'র আবশ্যকতা অনুসারে সপ্তাহে ২০%-এর চেয়ে বেশি সময় বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করে থাকে।

C. প্রশাসন

এই প্রস্তাবের ফলে জে.এইচ.এস ২১৮-এর স্কুল তত্ত্বাবধানমূলক বা প্রশাসনিক পদে কোন পরিবর্তন প্রত্যাশিত নয়।

স্কুল ফর ক্লাসিকস এটির পর্যায়ক্রমিক অধিষ্ঠানের মেয়াদ ব্যাপী প্রয়োজনীয়তার ভিত্তিতে স্কুল তত্ত্বাবধায়ক এবং/অথবা প্রশাসনিক পদে লোকবল নিয়োগ করতে পারে।

ইনভিক্টাস প্রেপ এটির পর্যায়ক্রমিক অধিষ্ঠানের মেয়াদ ব্যাপী প্রয়োজনীয়তার ভিত্তিতে স্কুল তত্ত্বাবধায়ক এবং/অথবা প্রশাসনিক পদে লোকবল নিয়োগ করতে পারে।

D. পরিবহণ

এই প্রস্তাবের ফলে জে.এইচ.এস ২১৮ বা স্কুল ফর ক্লাসিকস-এর বিদ্যমান পরিবহণ ব্যবস্থায় কোনরূপ পরিবর্তন ঘটবে না।

চ্যান্সেলরের প্রবিধান এ-৮০১ অনুযায়ী পরিবহণ সুবিধা অব্যাহতভাবে প্রদান করা হবে:
http://schools.nyc.gov/NR/rdonlyres/21A1B11A-886B-4F74-9546-E875EE82A14C/40303/A801.pdf.

E. অন্যান্য সহায়তা পরিষেবাসমূহ

নির্দিষ্ট কতগুলো সহায়তা পরিষেবার বিধান সম্পর্কে উপরে বর্ণনা করা হয়েছে। সিটিব্যাপী নীতির সঙ্গে সঙ্গতি রেখে অন্যান্য সহায়তা পরিষেবাসমূহ প্রদান অব্যাহত থাকবে।

VII. ভবন সংক্রান্ত তথ্য

ভবনের ধরণ	ইন্টারমিডিয়েট স্কুল
নির্মানের বছর	১৯৬৪
সার্বিক বিসিএএস রেটিং	৫ এর মধ্যে ২.৬১
অভীষ্ট সদ্ব্যবহার	৫৭%
অভীষ্ট ধারণক্ষমতা	১,৪০৫
২০০৯ অর্থ-বছরের রক্ষণাবেক্ষণ ব্যয়	**শ্রম:** $৫৭,১৮১.০০ **সামগ্রী:** $৩৯,১৪১.০০ **রক্ষণাবেক্ষণ ও মেরামত চুক্তি:** $৩৯,৭৭৭.০০ **তত্ত্বাবধানমূলক পরিচালনা ব্যয়-সামগ্রী:** $১০,৮৪০.০০ **তত্ত্বাবধানমূলক পরিচালনা ব্যয়-তত্ত্বাবধান বরাদ্দ:** $৩২৫,২৬২.০০
২০০৯ অর্থ-বছরের শক্তি বা জ্বালানী ব্যয়	**বৈদ্যুতিক:** $১৭৮,৬৭৯.০০ **গ্যাস:** $৯৪,৫১৬.০০ **তেল:** $০
বর্তমান বা পূর্ববর্তী স্কুল-বর্ষে সম্পন্ন প্রকল্পসমূহ	সিআইপি- ওয়াক ইন ফ্রীজার পরিবর্তন। নতুন বিজ্ঞান ল্যাব স্যুট এবং IEH PO18- রুম ২১২ ও ৪১৯
মূল পরিকল্পনায় প্রস্তাবিত প্রকল্পসমূহ	শিক্ষাগত পরিবর্ধন – বিজ্ঞান ল্যাব আধুনিকায়ন। ওয়াক ইন ফ্রীজার পরিবর্তন।
ভবনের অভিগম্যতা	ভবনটি কার্যগতভাবে এবং কর্মসূচিগতভাবে অভিগম্য।
ভবনের বৈশিষ্ট্যাবলী	আর্ট রুম, অডিটোরিয়াম, ক্যাফেটেরিয়া, কম্পিউটার রুম (সিআর), জিমনেশিয়াম, লাইব্রেরি।